অগণিত পাঠকের ভালোবাসায়
কর্মক্ষেত্র
৪৭ বছরে পড়ল
পাঠক, লেখক, বিজ্ঞাপনদাতা, বিক্রেতা সকলকে আমাদের কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই।

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

বর্ষ ৪৭ সংখ্যা ১ কলকাতা বুধবার, ২২ জুলাই ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৫ শ্রাবণ ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

পি এস সি
মিসলেনিয়াস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৯

## উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলে ৬৭৪৪
## তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ৬,৭৪৪ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলের একাধিক ডিভিশন ও ওয়ার্কশপে বিভিন্ন বিভাগে ট্রেনিং দেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার, লাইনম্যান, মেশিনিস্ট, ডিজেল মেকানিক, ম্যাসন-সহ বিবিধ ট্রেডে। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর (মেকানিক মেকানিক্যাল মেইন্টেন্যান্স ও মেকানিক ইলেক্ট্রিক্যাল মেইন্টেন্যান্স ট্রেডের ক্ষেত্রে ৬ মাস)। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: NFR/NAPS/ACT APP./2026.

**কোন ডিভিশনে কত আসন**

**কাটিহার ডিভিশন**

**ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান:** ৬৫টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। **লাইনম্যান:** ৬৫টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮, আর্থিক ভাবে অনগ্রসর ৭)।

**ডিপার্টমেন্ট মেকানিক্যাল: প্লাম্বার:** ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **কার্পেন্টার:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ২৪টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **ফিটার:** ৪০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **টার্নার:** ১৮টি (সাধারণ ৭, তফসিলি

এরপর চারের পাতায়

স্কুল সার্ভিস
## উচ্চ প্রাথমিকে ১১৭৭ শিক্ষক

**নিজস্ব প্রতিনিধি:** রাজ্যের সরকারি সহায়তাপ্রাপ্ত স্কুলগুলির ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি, তথা উচ্চ প্রাথমিক স্তরে ১,১৭৭ জন শিক্ষক নিয়োগের প্রক্রিয়া শুরু করল স্কুল সার্ভিস কমিশন। ২০১৬ সালের নিয়োগ-প্যানেলে থাকা প্রার্থীদের দিয়ে এই শূন্যপদগুলি পূরণ করা হবে। কাউন্সেলিং চলবে ২১ জুলাই থেকে

✓কাউন্সেলিং ২১ থেকে ৩০ জুলাই
✓১৭ শতাংশ ওবিসি সংরক্ষণের নীতি অনুসরণ করা হবে

৩০ জুলাই পর্যন্ত। ১৭ জুলাই স্কুল সার্ভিস কমিশন একটি বিজ্ঞপ্তিতে বিষয়, জেন্ডার ও ক্যাটেগরি অনুসারে কাউন্সেলিংয়ে ডাক পাওয়া প্রার্থীদের তালিকা ও কাউন্সেলিংয়ের সূচি প্রকাশ করেছে। প্রার্থী-তালিকায় ওবিসি 'এ', ওবিসি 'বি'– উভয় ক্যাটেগরির প্রার্থীরাই রয়েছেন। অর্থাৎ এই কাউন্সেলিং ও নিয়োগের ক্ষেত্রে ওবিসিদের জন্য ১৭ শতাংশ সংরক্ষণের নীতি অনুসরণ করা হবে। স্কুল সার্ভিস কমিশন জানিয়েছে, শূন্যপদের তালিকা পাওয়া গিয়েছে কমিশনার অব স্কুল এডুকেশনের কাছ থেকে।

এরপর বারোর পাতায়

## রেলে ১১৯
## সেকশন কন্ট্রোলার

সেকশন কন্ট্রোলার পদে ১১৯ জনকে নেবে ভারতীয় রেল। প্রার্থী বাছাই করবে কলকাতা, মালদা, শিলিগুড়ি-সহ দেশের ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: 03/2026

ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ ৫০, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ১২, ওবিসি ২৯, আর্থিক ভাবে অনগ্রসর ৯। এর মধ্যে ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। এরপর আটের পাতায়

## হিন্দুস্তান পেট্রোলিয়ামে
## ৩৫৮ গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস

৩৫৮ জন তরুণ-তরুণীকে ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে হিন্দুস্তান পেট্রোলিয়াম (এইচপিসিএল)। ১ বছরের প্রশিক্ষণ। প্রশিক্ষণ দেওয়া হবে সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইনস্ট্রুমেন্টেশন শাখায়। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

রাজ্য অনুসারে আসনসংখ্যা: পশ্চিমবঙ্গ ১৪টি, অন্ধ্রপ্রদেশ ১৫টি, অসম ৬টি, বিহার ১৪টি, চণ্ডীগড় ৪টি, ছত্তিশগড় ৮টি, দাদরা ও নগর হাভেলি এবং দমন ও দিউ ১টি, দিল্লি ১৮টি, গোয়া ৬টি, গুজরাট ৩২টি, হরিয়ানা ১৪টি, জম্মু ও কাশ্মীর ৫টি, ঝাড়খণ্ড ৫টি, কর্নাটক ১৪টি, কেরালা ৯টি, মধ্যপ্রদেশ ১০টি, মহারাষ্ট্র ৬৪টি, নাগাল্যান্ড ২টি, ওড়িশা ৪টি, পঞ্জাব ১৬টি, রাজস্থান ১৭টি, তামিলনাড়ু ২০টি, তেলঙ্গানা ১৯টি, উত্তর প্রদেশ ৩৭টি, উত্তরাখণ্ড ৪টি।

প্রার্থী যে-কোনও একটি রাজ্যের শূন্য আসনে আবেদন করতে পারবেন।

এরপর পাঁচের পাতায়

ওয়েস্টার্ন কোলফিল্ডসে
## ৪৪৪
## মাইনিং সর্দার ও অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান

মাইনিং সর্দার ও অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ট্রেনি) পদে ৪৪৪ জনকে নেবে ওয়েস্টার্ন কোলফিল্ডস। এটি কয়লা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। মাইনিং সর্দার পদের ক্ষেত্রে প্রথমে ৬ মাসের প্রবেশন। অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান পদের ক্ষেত্রে প্রথমে ২ বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2026/69.

এরপর পাঁচের পাতায়

## বিমা সংস্থায়
## ৫৭৫ অ্যাসিস্ট্যান্ট

অ্যাসিস্ট্যান্ট পদে ৫৭৫ জনকে নেবে ন্যাশনাল ইনশিওরেন্স কোম্পানি। নিয়োগ করা হবে দেশের ৩৪টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে। প্রার্থী যে-রাজ্যের শূন্যপদে দরখাস্ত করবেন, তাঁকে অবশ্যই সেখানকার স্থানীয় ভাষা জানতে হবে। তাই এখানে বাংলা, ইংরেজি ও হিন্দিভাষী রাজ্যগুলির জন্য নির্দিষ্ট ২২৪টি শূন্যপদের বিশদ বিবরণ দেওয়া হল। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। প্রথমে ৬ মাসের প্রবেশন।

**শূন্যপদের বিন্যাস: পশ্চিমবঙ্গ:** ৫১টি। **অরুণাচল প্রদেশ:** ৬টি। **বিহার:** ১৩টি। **ছত্তিশগড়:** ১৯টি। **হরিয়ানা:** ৪টি। **ঝাড়খণ্ড:** ১২টি। **মধ্যপ্রদেশ:** ২০টি। **রাজস্থান:** ৪০টি। **উত্তর প্রদেশ:** ২৬টি। **উত্তরাখণ্ড:** ৮টি। **দিল্লি:** ২৫টি।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর,

এরপর দুয়ের পাতায়

## কেন্দ্রীয় সরকারে ১৩৩ বিজ্ঞানী

সায়েন্টিস্ট-বি পদে ১৩৩ জনকে নেবে ইন্ডিয়ান কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম। এটি কেন্দ্রীয় সরকারের ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স এবং ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখায়। প্রার্থীকে অবশ্যই ২০২৪ বা ২০২৫ বা ২০২৬-এর গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CERT-In/SCB/2026/1.

**শূন্যপদের বিবরণ: কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি:** ৮৩টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ওবিসি ২৩, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে।

**ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স:** ২৫টি (সাধারণ ১২,

এরপর দুয়ের পাতায়

## ইন্ডিয়ান অয়েলে
## ১৫৬৮ অ্যাপ্রেন্টিস

১,৫৬৮ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১/১৯৭৩ (সময়ানুসারে সংশোধিত) অনুসারে ট্রেড অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে ১২ থেকে ১৫ মাসের ট্রেনিং দেওয়া হবে পানিপত ও ডিগবয় রিফাইনারিতে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর পানিপত রিফাইনারির ক্ষেত্রে: PR/P/Apprentice/60(2026-27) ও ডিগবয় রিফাইনারির ক্ষেত্রে: AOD-DR/TA-2026-27

**ট্রেড অনুসারে আসনবিন্যাস: ট্রেড অ্যাপ্রেন্টিস: পোস্ট কোড ১০১: অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট)/কেমিক্যাল: পানিপত রিফাইনারি:** ২৭৪টি (সাধারণ ১২০, তফসিলি জাতি ৫২, ওবিসি ৭৪, আর্থিক

এরপর দুয়ের পাতায়

শীঘ্রই প্রকাশিত হচ্ছে




ও আরও অনেক কিছু

ইস্টার্ন কোলফিল্ডসে
## ১৪০
## অ্যাপ্রেন্টিস

ফিটার, ওয়েল্ডার ও ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ১৪০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইস্টার্ন কোলফিল্ডস। এটি কেন্দ্রীয় কয়লা মন্ত্রকের অধীনস্থ সংস্থা। প্রশিক্ষণ দেওয়া হবে পশ্চিমবঙ্গ ও ঝাড়খণ্ডে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ECL/HRD/DIS/Appren-

এরপর পাঁচের পাতায়

## নিখরচায় নার্সিং পড়িয়ে সেনাবাহিনীতে চাকরি

২২০ জনকে ৪ বছরের বি এসসি নার্সিং কোর্স পড়িয়ে মিলিটারি নার্সিং সার্ভিস অফিসার পদে নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। অবিবাহিত, ডিভোর্সি, আইনত বিচ্ছিন্ন ও বিধবা পিছুটানহীন মহিলারাই কেবল আবেদন করবেন। প্রার্থীকে ২০২৬-এর নিট (ইউজি) উত্তীর্ণ হতে হবে। পড়াশোনা, থাকা-খাওয়ার জন্য কোনও খরচ নেই। প্রতি মাসে স্টাইপেন্ড পাওয়া যাবে। কোর্স শেষে চাকরি হবে আর্মড ফোর্সেস মেডিক্যাল সার্ভিসেসে, পার্মানেন্ট বা শর্ট সার্ভিস কমিশনে।

কলেজ অনুসারে আসনসংখ্যা: **সিওএন, সিএইচ (ইসি) কলকাতা:** ৩০টি। **সিওএন, এএফএমসি পুনে:** ৪০টি। **সিওএন, আইএনএইচএস অশ্বিনী, মুম্বই:** ৪০টি। **সিওএন, এএইচ (আর অ্যান্ড আর) নয়াদিল্লি:** ৩০টি। **সিওএন, সিএইচ (সিসি) লখনউ:** ৪০টি। **সিওএন, সিএইচ (এএফ) ব্যাঙ্গালোর:** ৪০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। উচ্চ মাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি (বটানি ও জুলজি) এবং ইংরেজি পড়ে থাকতে হবে। প্রথম বারের প্রচেষ্টাতেই পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে, ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এনটিএ) আয়োজিত নিট (ইউজি), ২০২৬ পরীক্ষায় প্রার্থীকে স্কোর করে থাকতে হবে।

**জন্মতারিখ:** ১-১০-২০০১ থেকে ৩০-৯-২০০৯-এর মধ্যে হতে হবে।

**উচ্চতা:** ১৫২ সেমি। পার্বত্য এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৪৭ সেমি। ১৮ বছরের নীচে বয়স হলে ২ সেমি ছাড় পাওয়া যাবে।

প্রাথমিক ভাবে নিট (ইউজি), ২০২৬ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের একটি অনলাইন কম্পিউটার-বেসড অবজেক্টিভ টাইপ পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষায়

এরপর বারোর পাতায়

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**Manager post in Reputed MNC** for Retd/ VRS/ Housewife/ Businessman/ Freshers 25-70, HS+. Fixed Salary 10-60K + PF + Bonus + Medi. 98362-73358.

□

অবসরপ্রাপ্তদের সম্মানের সাথে পুনর্নিয়োগ, Kol স্বনামধন্য Co.তে অফিস জবে Govt/Pvt/Retd/VRS-দের জন্য। 45-70, HS+. Salary + PF + Bonus. অমল-98316-74368.

□

**অবসরপ্রাপ্ত Bank/ গভঃ/ Pvt/ PSU/** রেল/গৃহবধূ/কর্মপ্রার্থীদের (25-65, HS+) ভারতের নামী MNC-র Kol অফিসে MNGR পদে নিয়োগ। Salary + PF + বোনাস 98362-43289.

□

**কলকাতায় রিটায়ার্ড অফিসারের একার** সংসারে রান্না গৃহস্থালী কাজে সুশ্রী বুদ্ধিমতী নির্ঝঞ্ঝাট মহিলা (20-45 yrs.) চাই। আলাদা ঘরে থাকা + খাওয়া + অন্যান্য সুবিধা + উত্তম মাহিনা। বাড়ির সদস্যের মত থাকিবে। M: 98308-37870.

□

**অবসরোত্তর জীবনে 60-75 Top MNC** -তে উচ্চ আয় Retd Govt/Bank Rly/ Army শিক্ষক Mngrl work Part Time বিদেশ ভ্রমন দ্রুতপদোন্নতি Bonus P.S Bose 62912-11862.

□

**অবসরপ্রাপ্ত (40-70, স্নাতক) Govt/Pvt/** Bank/Rly etc.-দের জন্য Mngr পদে প্রচুর আয় Big Ind. Co in Kol. ভরসা ও বিশ্বাস নিয়ে আসুন। সারথি-90075-10903.

□

**দক্ষিণ কলিকাতার সুপ্রতিষ্ঠিত মিষ্টির** দোকানে অভিজ্ঞ পুরুষ ও মহিলা দোকানদার চাই। যোগাযোগ: 62920-09666.

□

**মেকানিক্যাল ফিটার চাই। অত্যন্ত দক্ষ,** যোগ্য, যাবতীয় কারখানার কাজে নিপুণ। (মো:) 98307-00311.

□

### কর্মখালি

বাড়ির সর্বক্ষণ সবরকম কাজের জন্য পিছুটানহীন ২৪ ঘণ্টার পরিশ্রমী কাজের লোক চাই। থাকা খাওয়া মাসে 12000 + বোনাস, বালিগঞ্জ, কলকাতা। 98303-28140.

□

হুগলী জেলায় দুজনের সংসারে বাড়িতে কাজের জন্য 47-50-এর মধ্যে সর্বক্ষণের একদমই পিছুটানহীন মহিলা প্রয়োজন। 97494-28656.

□

**ICSE Affiliated School in Birati** requires Masters with B.Ed. teachers for Maths, Physics, Computer Science, Commerce, EVS, Chemistry, PRT & Lab Assistants. Degree in respective subject mandatory. English-medium background preferred. Apply with CV to: igmsbirati.office@gmail.com 86172-75716/ 98301-34593.

□

**Reqd. Diploma/ B.Tech in Mech.** Engg. with a minimum Expd. 3 yrs. in production planning & costing (Spares & Equp.) in Kolkata. smel46c@gmail.com/91238-40374.

□

**সেন্ট্রাল কলকাতায় অবস্থিত সুপ্রতিষ্ঠিত** একটি চামড়া/টেক্সটাইল এবং অনুরূপ পণ্য রপ্তানি প্রতিষ্ঠানে পণ্য বাছাই এবং প্যাকিং-এর কাজে মাধ্যমিক পাস প্রাথমিক ইংরেজি শব্দ পড়তে জানা অভিজ্ঞ এবং অনভিজ্ঞ কর্মী (পুরুষ/ নারী) জরুরী ভিত্তিতে নিয়োগ চলছে। যোগাযোগ: + 91 62903-23988.

□

**সঠিক কাজের দিশা। Retired Executive** 1 জন, অফিসার 10 জন, Fixed Salary 15K-50K. এটা অফিস জব, কোনো বিমা সেলস্ না। 62919-38565/ 83450-23181.

□

**নিজের ভবিষ্যৎ গড়ে তুলুন দেশের সর্ব** বৃহৎ এবং বিশ্বস্ত সংস্থার সাথে। যোগ্যতা: উচ্চমাধ্যমিক+, Fixed + Bonus. যোগাযোগ: 70035-34060.

□

**Wanted minimum 2 year. Experienced** Electrical Engineer for Civil construction project. Send resume : paulbuilderspltd@gmail.com

□

### কর্মখালি

**নামী কোম্পানির লোহা (TMT Rebar)** বিক্রয়ের জন্য দক্ষিণ ২৪ পরগনা ও হাওড়া জেলায় বিক্রয় প্রতিনিধি (Sales representative) প্রয়োজন। স্থানীয় বাসিন্দাদের অগ্রাধিকার দেওয়া হবে বেতন: ইন্ডাস্ট্রি স্ট্যান্ডার্ড অনুযায়ী + অন্যান্য সুযোগ-সুবিধা অভিজ্ঞতা: সংশ্লিষ্ট ক্ষেত্রে অথবা নির্মাণ সামগ্রী (building materials) সংক্রান্ত ব্যবসায় ন্যূনতম ১-২ বছরের অভিজ্ঞতা ও মোটর বাইক থাকা বাধ্যতামূলক। যোগাযোগ: 97485-61894 Email Id-somnath.286@rediffmail.com

□

**প্যাকিং-এর কাজের জন্য অল্পবয়স্ক কর্মঠ** ছেলে ও কিচেন চিমনি সার্ভিসিং-এর কাজ জানা আউটডোর টেকনিশিয়ান চাই। বেতন- 12K-15K. Send C.V to WhatsApp: 98302-43867.

□

**পার্ট টাইম/ ফুল টাইম বাড়ি ও অফিসে** কাজের সুযোগ। ২০-৪৫ বছর বয়সী ছেলে ও মেয়ে প্রয়োজন। ৩ দিনের ট্রেনিং। H.R. স্বাগত। মাসিক আয়: ১৫,০০০ - ৭৫,০০০। যোগাযোগ: 89101-30595/ 91472-45504.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৫ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

□□□

২৯ জুলাই কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৫ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

### কর্মখালি

**Hiring in Insurance Co. Fresher** & Experience Manager for Gariahat Branch. CTC. 2 to 5 lac. Graduate. Ph. 62894-23678/ 70034-89054.

□

**Part Time** বাড়ি বসে কাজ করুন/প্রতি সপ্তাহে আয়ের সুযোগ/ হাতে লিখে বা ফর্ম ফিলাপ/Comp, ল্যাপটপ, ডেটা এন্ট্রি বা স্মার্ট ফোনে টাইপ EBOOKS-82748-74612.

□

**G D Goenka Public School, Habra** Hiring: Facility Manager, Transport Manager, IT Manager, HR Executive, Automotive Mechanic & MEP Consultant. Send CV : careers@gdghabra.com

□

**কলকাতা যাদবপুরে ইনষ্টিটিউটে সব** কাজ থেকে করার জন্য Peon চাই। থাকা আবশ্যিক Duty 12 hrs. বয়স 40-এর মধ্যে। Rs.12000-14000 (যোগ্যতা অনুযায়ী) 84810-26050. expert providers7@gmail.com

□

**CEO/ Field Executive পদে Vacancy** সিকিউরিটি Company-তে আইন শৃঙ্খলায় অভিজ্ঞ এবং Field Executive অভিজ্ঞ M/F চাই। বাগুইআটি, ফোন-97331-70821.

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**

**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

# ইন্ডিয়ান অয়েলে ১৫৬৮ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

ভাবে অনগ্রসর ২৮)। **ডিগবয় রিফাইনারি:** ৪০টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৫, ওবিসি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **শিক্ষাগত যোগ্যতা:** ৩ বছর মেয়াদের বি এসসি পাশ। ম্যাথস, ফিজিক্স, কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০২: ফিটার/ মেকানিক্যাল: পানিপত রিফাইনারি:** ৩১৪টি (সাধারণ ১৩৮, তফসিলি জাতি ৬০, ওবিসি ৮৫, আর্থিক ভাবে অনগ্রসর ৩১)। এর মধ্যে ২০টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ডিগবয় রিফাইনারি:** ৭টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক, সঙ্গে ফিটার ট্রেডে অন্তত ২ বছরের আইটিআই কোর্স পাশ। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৮: সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: পানিপত রিফাইনারি:** ৩০টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৬, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ৫টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ডিগবয় রিফাইনারি:** ১৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** ৩ বছর মেয়াদের বি এ বা বি কম বা বি এসসি পাশ। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১৫ মাস।

**পোস্ট কোড ১১০: ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার অ্যাপ্রেন্টিস): পানিপত রিফাইনারি:** ৫৫টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ১১, ওবিসি ১৫, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ৫টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ডিগবয় রিফাইনারি:** ৫টি (সাধারণ ৩, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক পাশ। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১১১: ডেটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার): পানিপত রিফাইনারি:** ১৮টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক পাশ, সঙ্গে ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটরের স্কিল সার্টিফিকেট থাকতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: পোস্ট কোড ১০৪: কেমিক্যাল: পানিপত রিফাইনারি:** ৩২৭টি (সাধারণ ১৪৪, তফসিলি জাতি ৬২, ওবিসি ৮৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩৩)। **ডিগবয় রিফাইনারি:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজি বা রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৫: মেকানিক্যাল: পানিপত রিফাইনারি:** ৮৩টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ১৬, ওবিসি ২২, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। এর মধ্যে ৬টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ডিগবয় রিফাইনারি:** ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৪, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৬: ইলেক্ট্রিক্যাল: পানিপত রিফাইনারি:** ২৭৭টি (সাধারণ ১২১, তফসিলি জাতি ৫৩, ওবিসি ৭৫, আর্থিক ভাবে অনগ্রসর ২৮)। এর মধ্যে ১৫টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ডিগবয় রিফাইনারি:** ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৭: ইনস্ট্রুমেন্টেশন: পানিপত রিফাইনারি:** ৭০টি (সাধারণ ৩১, তফসিলি জাতি ১৩, ওবিসি ১৯, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৫টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং বা অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**বয়স:** পানিপত রিফাইনারির ক্ষেত্রে ৩১-৭-২০২৬ তারিখে এবং ডিগবয় রিফাইনারির ক্ষেত্রে ৩০-৬-২০২৬ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে সংস্থার এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com ওয়েবসাইটের 'হোয়াটস নিউ'-এ ক্লিক করে পানিপত ও ডিগবয় রিফাইনারিতে অ্যাপ্রেন্টিসশিপের লিঙ্ক পাবেন। প্রার্থীকে রেজিস্ট্রেশন করতে হবে এই পোর্টালে: https://nats.education.gov.in (টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে), https://apprenticeshipindia.gov.in/ (ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে)। সবশেষে বাকি প্রয়োজনীয় তথ্য আপলোড করার জন্য মাইক্রোসফট ফর্মের লিঙ্ক পাবেন।

প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ পানিপত রিফাইনারির ক্ষেত্রে ১২ অগস্ট এবং ডিগবয় রিফাইনারির ক্ষেত্রে ৩১ জুলাই।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.iocl.com

# কেন্দ্রীয় সরকারে ১৩৩ বিজ্ঞানী

*প্রথম পাতার পর*

তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। অথবা সংশ্লিষ্ট বা সমতুল শাখায় এম এসসি। এমসিএ ডিগ্রি থাকলেও আবেদন করতে পারেন। এর পাশাপাশি গেট-২০২৪/২০২৫/২০২৬ পরীক্ষায় কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজির ক্ষেত্রে 'সিএস' ও ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের ক্ষেত্রে 'ডিএ' পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে।

**ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং:** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। অথবা সংশ্লিষ্ট বা সমতুল শাখায় এম এসসি পাশ। এর পাশাপাশি গেট-২০২৪/২০২৫/২০২৬ পরীক্ষায় 'ইসি' পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে।

বয়স: ১৭-৮-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

গেট-২০২৪/২০২৫/২০২৬ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.cert-in.org.in দরখাস্তের শেষ তারিখ ১৭ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে।

দরখাস্তের সময় স্ক্যান করে আপলোড করতে হবে প্রার্থীর সম্প্রতি তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো (৫০-২০০ কেবি সাইজের মধ্যে), সই (১০-৫০ কেবি সাইজের মধ্যে), বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, সচিত্র পরিচয়পত্র, তফসিলি, ওবিসি, আর্থিক ভাবে অনগ্রসর ও প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট। সব নথিপত্র স্বপ্রত্যয়িত হতে হবে।

দরখাস্তের কোনও ফি নেই। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বিমা সংস্থায় ৫৭৫

*প্রথম পাতার পর*

প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী প্রাক্তন সমরকর্মী ও যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় মৃত সমরকর্মীর সন্তানদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে, যে-রাজ্যের শূন্যপদে দরখাস্ত করবেন, সেখানকার স্থানীয় ভাষা পড়তে, লিখতে ও বলতে জানা বাধ্যতামূলক।

**বয়স:** ১-৭-২০২৬ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৩৬,২৯০-১,০০,৮৬৫ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু' পর্যায়ের লিখিত পরীক্ষা (প্রিলিমিনারি ও মেন) ও রিজিওনাল ল্যাঙ্গুয়েজ টেস্টের মাধ্যমে। প্রার্থী যে-রাজ্যের শূন্যপদে আবেদন করবেন, তাঁকে সেই রাজ্যের পরীক্ষাকেন্দ্রে পরীক্ষা দিতে হবে। প্রিলিমিনারি পরীক্ষা ২৭ অগস্ট। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, আসানসোল, বর্ধমান, দুর্গাপুর, হুগলি, কল্যাণী ও শিলিগুড়ি। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে রিজনিং এবিলিটি (৩৫ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর) ও কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫ নম্বর) বিষয়ে। সময় ১ ঘণ্টা। মেন পরীক্ষা ৩০ অক্টোবর। পশ্চিমবঙ্গে মেন পরীক্ষার কেন্দ্র কলকাতা। মেন পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে রিজনিং, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, নিউমেরিক্যাল এবিলিটি, জেনারেল অ্যাওয়্যারনেস ও কম্পিউটার নলেজ বিষয়ে। প্রতিটি বিভাগ ৪০ নম্বর করে। সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nationalinsurance.nic.co.in যে-কোনও একটি রাজ্যের শূন্যপদে দরখাস্ত করা যাবে। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৭ অগস্ট। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। এ ছাড়াও প্রার্থীর তাৎক্ষণিক ছবি (লাইভ ইমেজ ক্যাপচার) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৮৫০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আইএমপিএস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

## কী পড়বেন, কোথায় পড়বেন

### কল্যাণী বিশ্ববিদ্যালয়ে এম এসসি কোর্স

আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড ডেটা সায়েন্স, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, জিনোম সায়েন্স এবং ন্যানোসায়েন্স অ্যান্ড ন্যানোটেকনোলজির এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর। কোর্সগুলি শুরু হবে অগস্টে।

কোর্সের বিবরণ: আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড ডেটা সায়েন্স: আসনসংখ্যা ৩৬টি। শিক্ষাগত যোগ্যতা: অনার্স-সহ বি এসসি বা এন ই পি ২০২০ অনুসারে সংশ্লিষ্ট বিষয়ে মেজর ডিগ্রি। অথবা বি সি এ বা বি ই বা বি টেক।

ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং: আসনসংখ্যা ৩৬টি। শিক্ষাগত যোগ্যতা: ম্যাথমেটিক্স বা কম্পিউটার সায়েন্স বা ফিজিক্স বা ইলেক্ট্রনিক্স বা স্ট্যাটিস্টিক্সে অনার্স-সহ বি এসসি বা এন ই পি ২০২০ অনুসারে সংশ্লিষ্ট বিষয়ে মেজর ডিগ্রি। অথবা বিসিএ।

জিনোম সায়েন্স: আসনসংখ্যা ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: লাইফ সায়েন্সের যে-কোনও শাখা, বটানি, জুলজি, ফিজিয়োলজি, মাইক্রোবায়োলজি, বায়োকেমিস্ট্রি, বায়োফিজিক্স, জেনেটিক্স, বায়োটেকনোলজি ও এগ্রিকালচারের মধ্যে যে-কোনও একটি বিষয়ে অনার্স-সহ বি এসসি বা এন ই পি ২০২০ অনুসারে সংশ্লিষ্ট বিষয়ে মেজর ডিগ্রি।

ন্যানোসায়েন্স অ্যান্ড ন্যানোটেকনোলজি: আসনসংখ্যা ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি, ইলেক্ট্রনিক সায়েন্স, লাইফ সায়েন্সেস, বায়োকেমিস্ট্রি, বায়োফিজিক্স, বায়োটেকনোলজি, বটানি, জুলজি, মাইক্রোবায়োলজি, ন্যানোসায়েন্সেস ও মেটেরিয়াল সায়েন্সের মধ্যে যে-কোনও একটি বিষয়ে অনার্স-সহ বি এসসি বা এন ই পি ২০২০ অনুসারে সংশ্লিষ্ট বিষয়ে মেজর ডিগ্রি।

মনে রাখবেন, ২০২৪-এর আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে আবেদন করবেন না। যাঁরা ফাইনাল ইয়ারের পরীক্ষা দিয়েছেন, তাঁরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইট থেকে: https://klyunivadmission.in আবেদনের শেষ তারিখ ২৪ জুলাই। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে।

আবেদনের কোনও ফি লাগবে না।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### ইলেক্ট্রনিক সায়েন্সের এম এসসি কোর্স

ইলেক্ট্রনিক্স সায়েন্সের এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি, দক্ষ খেলোয়াড় ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪১.২৫ শতাংশ এবং ওবিসিদের ক্ষেত্রে ৪৯.৫ শতাংশ) নম্বর ও অনার্স-সহ ইলেক্ট্রনিক্স বা ফিজিক্সে বি এসসি পাশ। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://jadavpuruniversity.in আবেদনের শেষ তারিখ ২৬ জুলাই।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ে নানা বিষয়ে স্নাতকোত্তর

**নিজস্ব প্রতিনিধি:** বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ে ২০২৬-২৮ শিক্ষাবর্ষে কলা, বিজ্ঞান এবং বাণিজ্য বিভাগে স্নাতকোত্তর কোর্সে ভর্তির জন্য আবেদনের প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে। ২৯ জুলাই মেধাতালিকা প্রকাশ করা হবে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**কী-কী বিষয়** (ব্র্যাকেটে সংশ্লিষ্ট বিষয়ের আসনসংখ্যা): বাংলা (২৪৯), এডুকেশন (৫০), ইংরেজি (১৪৫), ইতিহাস (১৫০), রাষ্ট্রবিজ্ঞান (৪৮), আইন (৫৭), দর্শন (৫২), দর্শন-সাঁওতালি মাধ্যম (২০), সাঁওতালি (১০২), সাংবাদিকতা এবং গণজ্ঞাপন (৬০), সংস্কৃত (১২৪), গণিত (১১৪), গণিত-সাঁওতালি মাধ্যম (২০), রসায়ন (৮৪), পদার্থবিজ্ঞান (৬২), পদার্থবিজ্ঞান-সাঁওতালি মাধ্যম (২০), ভূগোল (৩০), ভূগোল-সাঁওতালি মাধ্যম (২০), জিও-ইনফর্মেটিক্স (৩০), বটানি (২৮), লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সেস (৬০), সোশ্যাল ওয়ার্ক (৫০), ।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক। **আবেদন করার শেষ তারিখ:** ২৫ জুলাই। অনলাইন আবেদন করতে হবে বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.bankurauniv.ac.in/ যাবতীয় খুঁটিনাটি তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

### কৃষিবিদ্যায় বি টেক

**নিজস্ব প্রতিনিধি:** ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে কৃষিবিদ্যায় বি টেক পাঠক্রমে ভর্তি নিচ্ছে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়। ২০২৬-এর রাজ্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় র‍্যাঙ্ক করা প্রার্থীদের 'সিট অ্যালটমেন্টে'র মাধ্যমে ভর্তি নেওয়া হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ। অন্যতম বিষয় হিসেবে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত এবং ইংরেজি পড়ে থাকতে হবে। ভারতের নাগরিক হতে হবে।

**বয়স:** ৩১-১২-২০২৬ তারিখে ১৭ বছরের মধ্যে হতে হবে।

**সিট অ্যালটমেন্ট:** শুরু হয়েছে ২১ জুলাই, চলবে ৩০ জুলাই পর্যন্ত। আগ্রহীদের বেলা ১১টার মধ্যে পৌঁছতে হবে বিশ্ববিদ্যালয়ের নদিয়ার ক্যাম্পাসে, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সভাঘরে। বিশদ জানতে দেখুন প্রতিষ্ঠানের এই ওয়েবসাইট: https://www.bckv.edu.in/

### গেট-২০২৭ পরীক্ষা ফেব্রুয়ারিতে

২০২৭ সালের গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং বা 'গেট' অনলাইন পরীক্ষা নেওয়া হবে ৬, ৭, ১৩ ও ১৪, ২০ ও ২১ ফেব্রুয়ারি। ২০২৭-এর 'গেট' পরীক্ষার আয়োজক মাদ্রাস ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি।

শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বা আর্কিটেকচার বা সায়েন্স বা কমার্স বা আর্টস বা হিউম্যানিটিজের যে-কোনও শাখায় তৃতীয় বর্ষ বা উচ্চতর বর্ষে পাঠরতরা আবেদনের যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://gate2027.iitm.ac.in অনলাইন আবেদন করা যাবে ১৪ অগস্ট থেকে ২১ সেপ্টেম্বর পর্যন্ত। লেট ফি-সহ আবেদন করা যাবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত।

পরীক্ষার ফি ২,০০০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,০০০ টাকা)। লেট ফি ৫০০ টাকা। অনলাইন ব্যবস্থায় ফি জমা দেওয়া যাবে।

বিশদ তথ্যের জন্য চোখ রাখুন আগামী সংখ্যার কর্মক্ষেত্র-য়।

### উচ্চ মাধ্যমিকের পর আইন

**নিজস্ব প্রতিনিধি:** কলকাতা বিশ্ববিদ্যালয় এবং এই প্রতিষ্ঠানের অধীনস্থ আইন কলেজগুলিতে ২০২৬-২৭ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করা যাচ্ছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের হাজরা ক্যাম্পাসে রয়েছে বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ। এ ছাড়াও কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে সুরেন্দ্রনাথ কলেজ, যোগেশচন্দ্র চৌধুরী কলেজ, সাউথ ক্যালকাটা ল কলেজ, বিকাশভারতী ল কলেজ-সহ আরও কয়েকটি কলেজে বিএএলএলবি এবং বিএএলএলবি (অনার্স) কোর্স পড়া যায়। ভর্তি নেওয়া হয় প্রবেশিকা পরীক্ষা সিইউএলইটি-ইউজি এবং কাউন্সেলিংয়ের মাধ্যমে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ।

বয়স: কোনও বাধানিষেধ নেই।

আবেদনের ফি: ১,০০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৫০০ টাকা)।

আবেদনের শেষ তারিখ: ২৫ জুলাই।

আবেদনের পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি বিষয় জানতে দেখুন কলকাতা বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: https://www.caluniv.ac.in/academic/Law.html

### যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ফিজিক্যাল এডুকেশনের স্নাতকোত্তর

ফিজিক্যাল এডুকেশনের স্নাতকোত্তর ডিগ্রি (এম পি এড) কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। এটি একটি ২ বছরের আবাসিক কোর্স।

শিক্ষাগত যোগ্যতা: ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বি পি এড) কোর্স পাশ। অথবা হেলথ অ্যান্ড ফিজিক্যাল এডুকেশনে বি এসসি পাশ। উভয় ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ, ওবিসি প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে প্র্যাকটিক্যাল টেস্ট, লিখিত পরীক্ষা ও শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের মাধ্যমে। পরীক্ষা ৮ অগস্ট।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://jadavpuruniversity.in আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই।

আবেদনের ফি জমা দেওয়ার শেষ তারিখ ১ অগস্ট।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কী শিখবেন, কোথায় শিখবেন

### দাবা প্রশিক্ষকের অনলাইন ট্রেনিং



**নিজস্ব প্রতিনিধি:** দাবা খেলা মানসিক দক্ষতার বিকাশে বড় ভূমিকা নেয় বলে বহু অভিভাবক তাঁদের সন্তানদের একেবারে ছোট বয়স থেকে দাবা খেলার প্রশিক্ষণ দিতে চাইছেন। ফলে দাবা খেলা শেখার স্কুলের সংখ্যা বেড়েছে এবং দক্ষ দাবা শিক্ষক বা চেস কোচের চাহিদাও তৈরি হয়েছে। সাধারণত স্কুলে, অনলাইন ক্লাসে এবং ব্যক্তিগত কোচিংয়ে শিশুদের বেসিক থেকে অ্যাডভান্সড লেভেলের দাবা খেলা শেখানো হয়।

দাবার প্রশিক্ষক হতে চাইলে প্রয়োজন প্রশিক্ষণের। প্রশিক্ষণ দিচ্ছে বিরাটি চেস অ্যাকাডেমি। এই প্রতিষ্ঠান ভারত সরকারের এমএসএমই দপ্তর কর্তৃক স্বীকৃত। বিরাটি চেস অ্যাকাডেমিতে দাবা শিক্ষকের প্রশিক্ষণ শুরু হবে ২ অগস্ট। অনলাইন প্রশিক্ষণ। ফলে চাকুরিরত এবং দূরের জেলা ও রাজ্যের আগ্রহী প্রার্থীরাও এই কোর্সটি করতে পারবেন। প্রশিক্ষণ শেষে দেওয়া হবে সার্টিফিকেট। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত মাধ্যমিক পাশ। **বয়স:** কোনও বিধিনিষেধ নেই। **ক্লাসের সময়:** প্রতি রবিবার, দুপুর দু'টো। **কোর্স ফি:** ৪,৫০০ টাকা। **আবেদনের শেষ তারিখ:** ১ অগস্ট। **আবেদন করার পদ্ধতি:** ফোন বা হোয়াটসঅ্যাপ করবেন এই নম্বরে: ৯৮৩৬৬-১৪৬০৮। আবেদনের জন্য গুগল ফর্মের লিঙ্ক পাঠানো হবে প্রার্থীর হোয়াটসঅ্যাপ নম্বরে। বিস্তারিত জানতে দেখুন বিরাটি চেস অ্যাকাডেমির এই ব্লগ: https://biratichessacademy.blogspot.com


**মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র**

প্রতি মাসে ৫,০০০ টাকারও বেশি পুরস্কার জিতুন। নিচের ১২টি প্রশ্নের উত্তর খুঁজে বের করুন, কুপনটি পূরণ করুন আর পাঠিয়ে দিন এই ঠিকানায়— মালয়ালা মনোরমা, ৬, লেক টেম্পল রোড, কলকাতা - ৭০০০২৯, পশ্চিমবঙ্গ।

খামের উপর বড় বড় করে লিখুন 'মনোরমা ইয়ারবুক এক ডজন ক্যুইজ'। যাঁদের সবকটি প্রশ্নের উত্তর সঠিক হবে তাঁদের মধ্যে থেকে পাঁচ জনকে লটারির ভিত্তিতে বেছে নিয়ে প্রত্যেককে ১,০০০ টাকা এবং আরও ১০ জন কে মনোরমা ইয়ারবুক ২০২৬ বইটি পুরস্কার দেওয়া হবে।*

দেরি করবেন না! এই বিজ্ঞাপন প্রকাশের দু'সপ্তাহের মধ্যে আপনার উত্তর আমাদের কাছে পৌঁছনো চাই। অধিকাংশ উত্তরই বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত জ্ঞানকোষ মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র-য় পাবেন।

**এক ডজন ক্যুইজ**

1. ভারতের কোন শহরে দেশের প্রথম হাইড্রোজেন ফুয়েল সেল বাস পরিষেবা শুরু হল?
   A. দেরাদুন B. লেহ, লাদাখ C. বারাণসী
2. ২০২৪-২৫ সালে বড় রাজ্যগুলির মধ্যে কোন রাজ্যের মানুষের মাথা পিছু আয় দেশের মধ্যে সর্বোচ্চ ছিল?
   A. তেলেঙ্গানা B. গুজরাত C. তামিলনাড়ু
3. ২০২৪-২৫ সালে কোন রাজ্যের মাথা পিছু আয় সর্বনিম্ন ছিল?
   A. ঝাড়খণ্ড B. উত্তর প্রদেশ C. বিহার
4. দেশের পঞ্চদশ উপ রাষ্ট্রপতি পদে কে নির্বাচিত হয়েছেন?
   A. জগদীপ ধনখড় B. সি পি রাধাকৃষ্ণন C. বি সুদর্শন রেড্ডি
5. সুবনসিরি লোয়ার হাইড্রোইলেট্রিক প্রকল্প কোন রাজ্যে অবস্থিত?
   A. সিকিম-পশ্চিমবঙ্গ সীমান্ত B. অরুণাচল প্রদেশ-অসম সীমান্ত C. তামিলনাড়ু-কেরালা সীমান্ত
6. এগুলির মধ্যে কোনটি ছায়াপথ?
   A. সিরিয়াস B. ওরিয়ন C. অ্যান্ড্রোমেডা
7. ম্যাগেলান প্রণালী কোন দুই মহাসাগরকে যুক্ত করেছে?
   A. ভারত ও প্রশান্ত মহাসাগর B. আটলান্টিক ও প্রশান্ত মহাসাগর C. আটলান্টিক ও ভারত মহাসাগর
8. কোন উপসাগর থেকে বিশ্বের সবচেয়ে বেশি তেল পাওয়া যায়?
   A. পারস্য উপসাগর B. ওমান উপসাগর C. উপসাগরীয় দ্বীপ
9. পৃথিবীর আবহমণ্ডলে নাইট্রোজেনের পরিমাণ কত?
   A. ৭৮% B. ২০% C. ৩%
10. মহানদীর উপর সেতু নির্মাণে বাস্তুতন্ত্রে প্রভাবের কারণে সম্প্রতি আলোচিত সাতকোশিয়া টাইগার রিজার্ভ কোন রাজ্যে অবস্থিত?
    A. গুজরাত B. মহারাষ্ট্র C. ওড়িশা
11. 'এক পেড় মা কি নাম' প্রকল্পের আওতায় শহরাঞ্চলে বনাঞ্চল গঠনে 'মাতৃ বন' কোন অঞ্চলে গড়ে উঠবে?
    A. আরাবল্লী পার্বত্য অঞ্চল B. হরিয়ানা C. মুম্বাই শহরাঞ্চল
12. ইন্টারন্যাশনাল অলিম্পিক কমিটির ১৩০ বছরের ইতিহাসে এই প্রথম মহিলা ও আফ্রিকান প্রেসিডেন্ট হয়েছেন কার্স্টি কোভেন্ট্রি। তিনি কোন দেশের মানুষ?
    A. জিম্বাবোয়ে B. দক্ষিণ আফ্রিকা C. কেনিয়া

**উত্তর**

সঠিক উত্তরটির পাশের বাক্সে X চিহ্ন দিন

| | | | |
|---|---|---|---|
| 1. | A☐ | B☐ | C☐ |
| 2. | A☐ | B☐ | C☐ |
| 3. | A☐ | B☐ | C☐ |
| 4. | A☐ | B☐ | C☐ |
| 5. | A☐ | B☐ | C☐ |
| 6. | A☐ | B☐ | C☐ |
| 7. | A☐ | B☐ | C☐ |
| 8. | A☐ | B☐ | C☐ |
| 9. | A☐ | B☐ | C☐ |
| 10. | A☐ | B☐ | C☐ |
| 11. | A☐ | B☐ | C☐ |
| 12. | A☐ | B☐ | C☐ |

মনোরমা ইয়ারবুক কর্মক্ষেত্র এক ডজন ক্যুইজ

Name: ..........

Address: ..........

..........

..........

..........

Pin Code: ..........

Ph./Mob. No.: ..........

জুলাই, ২০২৬

মার্চ, ২০২৬ ক্যুইজে পুরস্কার জয়ী: আরুষ কর্মকার, নদিয়া; অভীক পাল, ঝাড়গ্রাম; রঞ্জনা বাস্কে, পুরুলিয়া; অন্তরা মাহিষ্য দাস, পূর্ব বর্ধমান; জিৎরাই মুর্মু, পুরুলিয়া। পুরস্কার : প্রত্যেকে ১,০০০ টাকা। সান্ত্বনা পুরস্কার প্রাপকদের বই ডাকযোগে পাঠানো হবে।

মার্চ, ২০২৬ ক্যুইজের উত্তর: 1-B, 2-A, 3-C, 4-A, 5-B, 6-B, 7-B, 8-A, 9-B, 10-B, 11-C, 12-A

* উপরের কুপনটি ছাড়া অন্য কোনোভাবে উত্তর পাঠালে তা গৃহীত হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত মনোরমা ইয়ারবুকের।

# উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলে ৬৭৪৪

*প্রথম পাতার পর*

জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। মেশিনিস্ট: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ইলেক্ট্রিশিয়ান: ৪৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ১৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মেকানিক ইলেক্ট্রিক্যাল ইনস্ট্রুমেন্ট: ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। মেকানিক ডিজেল: ২০০টি (সাধারণ ৮১, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৫৪, আর্থিক ভাবে অনগ্রসর ২০)।

ডিপার্টমেন্ট মেকানিক্যাল (তিনধারিয়া ওয়ার্কশপ): ফিটার: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: সার্ভেয়র: ২৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ড্রাফটসম্যান (সিভিল): ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ক্যাড-ক্যাম অপারেটর কাম প্রোগ্রামার: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। প্লাম্বার: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। কার্পেন্টার: ১৫টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ম্যাসন: ২৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ফিটার: ২৫০টি (সাধারণ ১০০, তফসিলি জাতি ৩৮, তফসিলি উপজাতি ১৯, ও বি সি ৬৮, আর্থিক ভাবে অনগ্রসর ২৫)। বিল্ডিং মেইন্টেন্যান্স টেকনিশিয়ান: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। স্যানিটারি হার্ডওয়্যার ফিটার: ১৫টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই): ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। মেশিনিস্ট: ২টি (সাধারণ ১, ও বি সি ১)।

ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ৬০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। ফিটার: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। কার্পেন্টার: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

ডিপার্টমেন্ট পার্সোনেল: সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। কম্পিউটার নেটওয়ার্কিং টেকনিশিয়ান: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১)।

ডিপার্টমেন্ট অ্যাকাউন্টস: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

মোট আসনের মধ্যে ৪৪টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১১০টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**আলিপুরদুয়ার ডিভিশন**

ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান: ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। লাইনম্যান: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

ডিপার্টমেন্ট মেকানিক্যাল:প্লাম্বার: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। কার্পেন্টার: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই): ১১টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ফিটার: ২৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। টার্নার: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মেশিনিস্ট: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ইলেক্ট্রিশিয়ান: ২৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মেকানিক ইলেক্ট্রিক্যাল ইনস্ট্রুমেন্ট: ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: সার্ভেয়র: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ড্রাফটসম্যান (সিভিল): ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ক্যাড-ক্যাম অপারেটর কাম প্রোগ্রামার: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। প্লাম্বার: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। কার্পেন্টার: ১৫টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ম্যাসন: ২৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ফিটার: ২৫০টি (সাধারণ ১০০, তফসিলি জাতি ৩৮, তফসিলি উপজাতি ১৯, ও বি সি ৬৮, আর্থিক ভাবে অনগ্রসর ২৫)। বিল্ডিং মেইন্টেন্যান্স টেকনিশিয়ান: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই): ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। ফিটার: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। কার্পেন্টার: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

ডিপার্টমেন্ট পার্সোনেল: সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। কম্পিউটার নেটওয়ার্কিং টেকনিশিয়ান: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

ডিপার্টমেন্ট অ্যাকাউন্টস: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

মোট আসনের মধ্যে ২৬টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৬৫টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**রঙ্গিয়া ডিভিশন**

ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান: ৬০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। লাইনম্যান: ৬০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)।

ডিপার্টমেন্ট মেকানিক্যাল: প্লাম্বার: ১৮টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। কার্পেন্টার: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই): ২১টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ফিটার: ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ইলেক্ট্রিশিয়ান: ৩৫টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ১৯টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: সার্ভেয়র: ২৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ড্রাফটসম্যান (সিভিল): ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ক্যাড-ক্যাম অপারেটর কাম প্রোগ্রামার: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। প্লাম্বার: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। কার্পেন্টার: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ম্যাসন: ২৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ফিটার: ২৫০টি (সাধারণ ১০০, তফসিলি জাতি ৩৮, তফসিলি উপজাতি ১৯, ও বি সি ৬৮, আর্থিক ভাবে অনগ্রসর ২৫)। বিল্ডিং মেইন্টেন্যান্স টেকনিশিয়ান: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই): ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। ফিটার: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। কার্পেন্টার: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

ডিপার্টমেন্ট পার্সোনেল: সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। কম্পিউটার নেটওয়ার্কিং টেকনিশিয়ান: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

ডিপার্টমেন্ট অ্যাকাউন্টস: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

মোট আসনের মধ্যে ৩০টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৭৫টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**লামডিং ডিভিশন**

ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান: ১৫০টি (সাধারণ ৬০, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪১, আর্থিক ভাবে অনগ্রসর ১৫)। লাইনম্যান: ১৫০টি (সাধারণ ৬০, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪১, আর্থিক ভাবে অনগ্রসর ১৫)।

ডিপার্টমেন্ট মেকানিক্যাল: প্লাম্বার: ২৯টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। কার্পেন্টার: ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই): ৩২টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ফিটার: ৬০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। ইলেক্ট্রিশিয়ান: ৪০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। মেকানিক ইলেক্ট্রিক্যাল ইনস্ট্রুমেন্ট: ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। মেকানিক ডিজেল: ১০০টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৭, আর্থিক ভাবে অনগ্রসর ১০)।

ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: সার্ভেয়র: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ড্রাফটসম্যান (সিভিল): ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ক্যাড-ক্যাম অপারেটর কাম প্রোগ্রামার: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। প্লাম্বার: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। কার্পেন্টার: ১৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ম্যাসন: ২৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ফিটার: ৩০০টি (সাধারণ ১২১, তফসিলি জাতি ৪৫, তফসিলি উপজাতি ২৩, ও বি সি ৮১, আর্থিক ভাবে অনগ্রসর ৩০)। বিল্ডিং মেইন্টেন্যান্স টেকনিশিয়ান: ১৫টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই): ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ৯০টি (সাধারণ ৩৬, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৪, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। ফিটার: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। কার্পেন্টার: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

ডিপার্টমেন্ট পার্সোনেল: সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। কম্পিউটার নেটওয়ার্কিং টেকনিশিয়ান: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

ডিপার্টমেন্ট অ্যাকাউন্টস: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

মোট আসনের মধ্যে ৫১টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১২৭টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**তিনসুকিয়া ডিভিশন**

ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান: ৬০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। লাইনম্যান: ৬০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)।

ডিপার্টমেন্ট মেকানিক্যাল: প্লাম্বার: ২৪টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। কার্পেন্টার: ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই): ৫২টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। ফিটার: ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। টার্নার: ২৯টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। মেশিনিস্ট: ২৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ইলেক্ট্রিশিয়ান: ৪০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ১৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মেকানিক ইলেক্ট্রিক্যাল ইনস্ট্রুমেন্ট: ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। মেকানিক ডিজেল: ৪০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)।

ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: সার্ভেয়র: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ড্রাফটসম্যান (সিভিল): ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ক্যাড-ক্যাম অপারেটর কাম প্রোগ্রামার: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। প্লাম্বার: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। কার্পেন্টার: ১৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ম্যাসন: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ফিটার: ২০০টি (সাধারণ ৮১, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৫৪, আর্থিক ভাবে অনগ্রসর ২০)। বিল্ডিং মেইন্টেন্যান্স টেকনিশিয়ান: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই): ১৫টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

*এরপর আটের পাতায়*

# কেন্দ্রীয় সরকারে চাকরি

৩৮ জন চিকিৎসক-অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে কেন্দ্রীয় সরকার। নিয়োগ করা হবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরে। প্রবেশন ১ বছরের। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 08/2026.

**শূন্যপদের বিবরণ:** ভ্যাকেন্সি নম্বর ২৬০৭০৮০৩১১১: **স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ক্লিনিক্যাল হেমাটোলজি):** ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ভ্যাকেন্সি নম্বর ২৬০৭০৮০৪১১১: **স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (এন্ডোক্রিনোলজি):** ১০টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ভ্যাকেন্সি নম্বর ২৬০৭০৮০৫৫১১: **স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (নিওন্যাটোলজি):** ১৩টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ভ্যাকেন্সি নম্বর ২৬০৭০৮০৬১১১: **স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (নিউক্লিয়ার মেডিসিন):** ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ওবিসি ১)। ভ্যাকেন্সি নম্বর ২৬০৭০৮০৭১১১: **স্পেশ্যালিস্ট গ্রেড-থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (পালমোনারি মেডিসিন):** ৩টি (সাধারণ ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস। সেই সঙ্গে সংশ্লিষ্ট শাখায় পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি (প্রযোজ্য ক্ষেত্রে ডিপ্লোমা ও ট্রেনিং)-সহ ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ৩১-৭-২০২৬ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-১১ অনুসারে। সঙ্গে নন-প্র্যাকটিসিং অ্যালাওয়েন্স।

প্রাথমিক ভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://upsconline.nic.in/ora/ দরখাস্তের শেষ তারিখ ৩১ জুলাই। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর তাৎক্ষণিক ছবি (লাইভ ফটো), স্ক্যান করা ফটো, সই-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ২৫ টাকা। ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউপিআই বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। মহিলা, তফসিলি ও প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি লাগবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

# ইস্টার্ন কোলফিল্ডসে ১৪০ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

tices/ITI/-26-27/341.

প্রসঙ্গত, যাঁরা বিজ্ঞপ্তি নম্বর: ECL/HRD/DIS/2025/532 DATED 13.08.2025 অনুসারে আগে আবেদন করেছেন, তাঁরা আর আবেদন করবেন না।

**ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: ফিটার:** ৬০টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৭, ওবিসি ১১)। **ইলেকট্রিশিয়ান:** ৬০টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৭, ওবিসি ১১)। **ওয়েল্ডার:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৪)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৪০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ।

**স্টাইপেন্ড:** ইলেকট্রিশিয়ান ও ফিটার ট্রেডের ক্ষেত্রে প্রতি মাসে ১০,৫৬০ টাকা এবং ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে প্রতি মাসে ৯,৬০০ টাকা।

প্রার্থী পশ্চিমবঙ্গ বা ঝাড়খণ্ডে কোনও একটি ট্রেডের জন্য নির্দিষ্ট আসনে আবেদন করতে পারবেন।

শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ প্রোমোশন স্কিম পোর্টালে। ওয়েবসাইট: www.apprenticeship india.gov.in এরপর আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.easterncoalfields.in এ ছাড়াও একটি আন্ডারটেকিং পূরণ করে পাঠাতে হবে। আন্ডারটেকিংয়ের বয়ান পাবেন উপরোক্ত ওয়েবসাইটেই।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:**

✓প্রার্থীর সম্প্রতি তোলা রঙিন পাসপোর্ট মাপের এক কপি ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।

✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।

✓এনএপিএস রেজিস্ট্রেশন সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

✓আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।

✓ব্যাঙ্ক-সম্পর্কিত নথির স্বপ্রত্যয়িত নকল।

✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ওবিসি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

✓নির্দিষ্ট বয়ানে পূরণ করা আন্ডারটেকিং।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৩১ জুলাইয়ের মধ্যে ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: Office of the General Manager, HRD, Dishergarh, Paschim Bardhaman, WB-713333.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ওএনজিসি-তে ইঞ্জিনিয়ার ও জিওলজিস্ট

ইঞ্জিনিয়ারিং ও জিওলজি শাখায় ৫২ জনকে নেবে অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন (ওএনজিসি)। এটি কেন্দ্রের পেট্রোলিয়াম অ্যান্ড ন্যাচারাল গ্যাস মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে ই-১ লেভেলে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2/2026 (R&P)

**শূন্যপদের বিন্যাস: পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং:** ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ পেট্রোলিয়াম বা অ্যাপ্লায়েড পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। **মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং:** ২৭টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। **কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। **ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং:** ২টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। **জিওলজি:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: জিওলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা পেট্রোলিয়াম জিওসায়েন্স বা পেট্রোলিয়াম জিওলজিতে এম এসসি বা এম টেক। অথবা জিওলজিক্যাল টেকনোলজিতে এম টেক। সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**বয়স:** ৩১-৭-২০২৬ তারিখে ইঞ্জিনিয়ারিং শাখার ক্ষেত্রে ২৬ বছর এবং জিওলজি শাখার ক্ষেত্রে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৬০,০০০-১,৮০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষার তারিখ ৬ সেপ্টেম্বর। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। টেস্টে অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়ারনেস, অ্যাপ্টিটিউড, ইংলিশ ল্যাঙ্গুয়েজ ও সংশ্লিষ্ট বিষয়ে। নম্বর ৮৫। সময় ২ ঘণ্টা। কোনও নেগেটিভ মার্কিং নেই। ইন্টারভিউ ১৫ নম্বরের।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ongcindia.com প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩১ জুলাই পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (জেপেগ বা জেপিজি ফর্ম্যাটে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (জেপেগ বা জেপিজি ফর্ম্যাটে ১০-২০ কেবি সাইজের মধ্যে) এবং প্রয়োজনীয় নথিপত্র (প্রতিটি পিডিএফ ফর্ম্যাটে ৫০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। অনলাইনে ফি জমা দিতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ওয়েস্টার্ন কোলফিল্ডসে ৪৪৪ মাইনিং সর্দার ও অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান

*প্রথম পাতার পর*

**শূন্যপদের বিন্যাস: মাইনিং সর্দার:** ২২০টি (সাধারণ ১০১, তফসিলি জাতি ২৪, তফসিলি উপজাতি ৩৮, ওবিসি ৩৫, আর্থিক ভাবে অনগ্রসর ২২)। এর মধ্যে ২২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ডিরেক্টোরেট জেনারেল অব মাইনস অ্যান্ড সেফটি (ডিজিএমএস) কর্তৃক স্বীকৃত বৈধ মাইনিং সর্দার কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে। সেই সঙ্গে ভূগর্ভস্থ খনিতে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সেই সঙ্গে ডিরেক্টোরেট জেনারেল অব মাইনস অ্যান্ড সেফটি (ডিজিএমএস) কর্তৃক স্বীকৃত বৈধ ওভারম্যান কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে। উভয় ক্ষেত্রেই প্রার্থীর বৈধ ফার্স্ট এইড সার্টিফিকেট এবং বৈধ গ্যাস টেস্টিং সার্টিফিকেট থাকা বাধ্যতামূলক।

**অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ট্রেনি) (ইলেকট্রিক্যাল)/ইলেকট্রিক্যাল সুপারভাইজার:** ২২৪টি (সাধারণ ৯১, তফসিলি জাতি ২৬, তফসিলি উপজাতি ২৯, ওবিসি ৫৬, আর্থিক ভাবে অনগ্রসর ২২)। এর মধ্যে ৯টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে খনিতে বৈধ ইলেকট্রিক্যাল সুপারভাইজরি সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১০-৮-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** উভয় পদের ক্ষেত্রেই নির্দিষ্ট মাসিক ৪৭,৩৩০.২৫ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড (২০ নম্বর) ও সংশ্লিষ্ট বিষয়ে (৮০ নম্বর)। সময় দেড় ঘণ্টা। কোনও নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.westerncoal.in অনলাইন দরখাস্ত করা যাবে ১০ অগস্ট পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,১৮০ টাকা (জিএসটি-সহ)। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# মধ্য রেলে ৫৯ দক্ষ খেলোয়াড়

বিভিন্ন ক্রীড়াক্ষেত্র থেকে ৫৯ জন দক্ষ খেলোয়াড় নেবে মধ্য রেল। লেভেল-১, লেভেল-২/৩ এবং লেভেল-৪/৫ ক্যাটেগরিতে নিয়োগ করা হবে। পুরুষ-মহিলা উভয়েই আবেদনের যোগ্য। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী, ওবিসি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীরা সংরক্ষণ-সংক্রান্ত কোনও সুবিধা পাবেন না। এই নিয়োগের এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: RRC/CR/01/2026

ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস: **লেভেল-১:** ৩৮টি। নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স, বক্সিং, ক্রিকেট, সাইক্লিং ট্র্যাক, ফুটবল, হ্যান্ডবল, হকি, খো-খো, পাওয়ারলিফটিং, রেসলিং, ভলিবল, ওয়েটলিফটিং। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা আইটিআই বা সমতুল বা এনসিভিটি স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ। খেলাধুলার যোগ্যতা: এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে থাকতে হবে— কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান চ্যাম্পিয়নশিপ, এশিয়া কাপ (জুনিয়র বা সিনিয়র), সাফ গেমস (সিনিয়র), ইউএসআইসি চ্যাম্পিয়নশিপ (সিনিয়র), ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস। অথবা, ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপে (সিনিয়র) তৃতীয় স্থান। অথবা, সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে (ম্যারাথন ও ক্রস কান্ট্রি বাদে) অষ্টম স্থান। অথবা, ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে (সিনিয়র বা জুনিয়র বা ইয়ুথ) অন্তত তৃতীয় স্থান। বেতনক্রম: মাসিক ১৮,০০০ টাকা।

**লেভেল-২/৩:** ১৬টি। নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স, বক্সিং, সাইক্লিং ট্র্যাক, ফুটবল, হ্যান্ডবল, খো-খো, রেসলিং, ভলিবল, ওয়েটলিফটিং। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক বা সমতুল। অথবা মাধ্যমিক, সঙ্গে অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ। অথবা মাধ্যমিক, সঙ্গে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স পাশ। খেলাধুলার যোগ্যতা: এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে থাকতে হবে— বিশ্বকাপ (সিনিয়র বা জুনিয়র বা ইয়ুথ), বিশ্ব-চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান গেমস (সিনিয়র), কমনওয়েলথ গেমস (সিনিয়র), ইয়ুথ অলিম্পিক্স, চ্যাম্পিয়নস ট্রফি (হকি)। অথবা, এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে— কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান চ্যাম্পিয়নশিপ, এশিয়া কাপ (জুনিয়র বা সিনিয়র), সাফ গেমস (সিনিয়র), ইউএসআইসি চ্যাম্পিয়নশিপ (সিনিয়র), ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস, ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ (সিনিয়র বা জুনিয়র বা ইয়ুথ), ইন্ডিয়ান অলিম্পিক্স অ্যাসোসিয়েশনের আওতাধীন ন্যাশনাল গেমস, অল ইন্ডিয়া ইন্টার ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপ। অথবা, সিনিয়র ক্যাটেগরির ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপে প্রথম স্থান। **বেতনক্রম:** মাসিক ১৯,৯০০-২১,৭০০ টাকা।

**লেভেল-৪/৫:** ৫টি। নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স, ফুটবল, খো-খো, ভলিবল। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। খেলাধুলার যোগ্যতা: অলিম্পিক্সে (সিনিয়র ক্যাটেগরি) দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা এই সব প্রতিযোগিতার যে-কোনও একটিতে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে— বিশ্বকাপ (জুনিয়র বা সিনিয়র বা ইয়ুথ), ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র ক্যাটেগরি), এশিয়ান গেমস (সিনিয়র ক্যাটেগরি), কমনওয়েলথ গেমস (সিনিয়র ক্যাটেগরি), ইয়ুথ অলিম্পিক্স, চ্যাম্পিয়নস ট্রফি (হকি)। বেতনক্রম: মাসিক ২৫,৫০০-২৯,২০০ টাকা।

**বয়স:** ১-১-২০২৭ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে কোনও ছাড় নেই।

প্রার্থী বাছাই করা হবে খেলাধুলা ও শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টও নেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrccr.com প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত করা যাবে ১৪ অগস্ট পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর সম্প্রতি তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৭০ কেবির মধ্যে), সই (২০ থেকে ৩০ কেবির মধ্যে), বয়স, শিক্ষাগত যোগ্যতা ও খেলাধুলার যোগ্যতা-সংক্রান্ত সার্টিফিকেট ও অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা (মহিলা, তফসিলি, প্রাক্তন সমরকর্মী, সংখ্যালঘু ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ট্রায়ালে অংশ নিলে ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে যথাক্রমে ৪০০ টাকা এবং ২৫০ টাকা ফেরত পাওয়া যাবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# হিন্দুস্তান পেট্রোলিয়ামে ৩৫৮ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় গ্র্যাজুয়েট। ১-৯-২০২৩-এর আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে আবেদন করবেন না।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে, কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

**বয়স:** ৩১-৭-২০২৬ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ২৫,০০০ টাকা।

দেশ জুড়ে প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

প্রথমে প্রার্থীকে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nats.education.gov.in এরপর অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://jobs.hpcl.co.in/Recruit_New/recruitlogin.jsp আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই। আবেদনপত্র পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই আপলোড করতে হবে। আবেদনপত্র সাবমিটের পর একটি অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.hpcl.co.in

# কারেন্ট অ্যাফেয়ার্স

৬ জুলাই-১১ জুলাই

**৬ জুলাই** ত্রিদেশীয় সফরে বেরিয়ে প্রথম রাষ্ট্র ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় পৌছলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বিমানবন্দরে ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট প্রাবোয়ো সুবিয়ান্তো স্বাগত জানালেন মোদীকে। তাঁর বিশেষ বিমান ইন্দোনেশিয়ার আকাশ সীমায় প্রবেশের পর সেদেশের যুদ্ধবিমানের ঝাঁক মোদীকে অভ্যর্থনা জানিয়ে অবতরণ করায়। ভারতের 'পূর্বে তাকাও' নীতির প্রশ্নে প্রধানমন্ত্রীর চলতি সফর অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করছে কূটনৈতিক মহল।

## ইন্দোনেশিয়ায় মোদী, চুক্তি ব্রহ্মস বিক্রির




**৭ জুলাই:** ত্রিদেশীয় সফরের প্রথম রাষ্ট্র হিসেবে ইন্দোনেশিয়ায় গিয়ে সেদেশের প্রেসিডেন্ট প্রাবোয়ো সুবিয়ান্তোর সঙ্গে শীর্ষ বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৈঠকে নয়াদিল্লির সঙ্গে প্রতিরক্ষা ক্ষেত্রে বিশেষ মাইলফলক তৈরি হল। স্থির হয়েছে, ভারত ব্রহ্মস এবং অ্যাস্ট্রা ক্ষেপণাস্ত্র বিক্রি করবে ইন্দোনেশিয়াকে। এর আগে ভিয়েতনাম এবং ফিলিপিন্স-এর সঙ্গেও নয়াদিল্লির এই চুক্তি হয়েছে। সমুদ্রপথে নিরাপত্তা, দুর্লভ খনিজ সরবরাহের ক্ষেত্রেও আলোচনা ফলপ্রসূ হয়েছে। মোট ১৪টি চুক্তিপত্র এবং ছ'টি ঘোষণা হয়েছে দ্বিপাক্ষিক স্তরে। প্রধানমন্ত্রী মোদী ইন্দোনেশিয়ার পার্লামেন্টে দেওয়া বক্তৃতায় বলেছেন ভারতের লক্ষ্য উন্নয়ন, সম্প্রসারণ নয়। অন্যদিকে প্রেসিডেন্ট সুবিয়ান্তো ঘোষণা করেছেন, ভারত ও ইন্দোনেশিয়া ডিজিটাল গণ পরিকাঠামোর ক্ষেত্রে একসঙ্গে কাজ করবে। যার মধ্যে ভারতের ইউপিআই এবং ইন্দোনেশিয়ার কিউআরআইএস (কিউ আর পেমেন্ট কোড)-এর মধ্যে আন্তঃসীমান্ত সংযোগ অন্তর্ভুক্ত হয়েছে। এর ফলে ইন্দোনেশিয়ার নানা গন্তব্যে ভ্রমণকারী ভারতীয়রা তাঁদের ফোন থেকেই ডিজিটাল পেমেন্ট করতে পারবেন।

**বিশ্বকাপের ইতিহাসে সর্বাধিক** পাঁচবারের বিজয়ী ব্রাজিল ছিটকে গেল শেষ ষোল থেকে। নরওয়ের কাছে ২-১ ফলে হেরে ব্রাজিলের বিশ্বকাপ অভিযান শেষ হল। নরওয়ের নতুন তারকা আর্লিং হালান্ড ম্যাচের ৭৯ এবং ৯০ মিনিটে দু'টি গোলই করেন। শেষ মুহূর্তে নেইমার পেনাল্টি থেকে একটি গোল শোধ করেন। এদিনের অপর খেলায় মেক্সিকোকে ৩-২ গোলে হারিয়ে কোয়ার্টার ফাইনালে উঠেছে ইংল্যান্ড। জুড বেলিংহাম দু'টি এবং হ্যারি কেন পেনাল্টি থেকে তৃতীয় গোলটি করেন। মেক্সিকোর হয়ে ফুলিয়ান কুইনোনেস এবং পেনাল্টি থেকে জিমেনেজ গোল করে ব্যবধান কমান।

**৮ জুলাই** বিশ্বকাপে শেষ ষোলর অন্তিম ম্যাচে কলম্বিয়াকে হারিয়ে শেষ আটে পৌছল সুইৎজারল্যান্ড। অতিরিক্ত সময় পর্যন্ত মাচ গোলশূন্য অবস্থায় শেষ হয়। তবে টাইব্রেকারে ৪-৩ ফলে জেতে সুইৎজারল্যান্ড। বাহাত্তর বছরের ব্যবধানে তারা শেষ আটে উঠল। শুরু থেকেই প্রায় সমানে সমানে লড়াই হলেও কলম্বিয়ার দাপটই বেশি ছিল গোটা ম্যাচে। যদিও টাইব্রেকারে গিয়ে শেষ হাসি হাসে সুইসরাই।

## ভারত-নিউজিল্যান্ড অবাধ বাণিজ্য চুক্তি



**১১ জুলাই:** ত্রিদেশীয় সফরের শেষ গন্তব্য নিউজিল্যান্ড গিয়ে সে দেশের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লাক্সনের সঙ্গে রাজধানী অকল্যান্ডে দ্বি-পাক্ষিক বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সেখানেই দু-দেশের মধ্যে স্বাক্ষরিত মুক্ত বাণিজ্য চুক্তিকে দ্বি-পাক্ষিক সম্পর্কের 'ঐতিহাসিক মাইলফলক' বলে মন্তব্য করলেন মোদী। এই চুক্তির হাত ধরেই ২০৩০ সালের মধ্যে দু'দেশের বাণিজ্যের অঙ্ক দ্বিগুণ করে ৩৫,০০০ কোটি টাকায় নিয়ে যাওয়ার লক্ষ্য স্থির হয়েছে। এই চুক্তির অধীনে ভারত থেকে রফতানি হওয়া পণ্যে শুল্ক প্রত্যাহার করা হয়েছে। অন্যদিকে নিউজিল্যান্ডের মোট রফতানির ৫৭% প্রথমদিন থেকেই সম্পূর্ণ শুল্কমুক্ত হবে এবং বাকি পণ্যে শুল্ক কমবে বা বাতিল হবে।



"একজন নিজের জীবন বাজি ধরে আত্মঘাতী পড়ুয়াদের জন্য বিচার চাইছেন। কিন্তু সরকারের থেকে নীরবতা ছাড়া কিছু মেলেনি। এই সরকার নিষ্ঠুর। ... ২০১১ সালে আন্না হাজারে দুর্নীতির বিরুদ্ধে যন্তর মন্তরে ১২ দিন অনশন করেছিলেন। সোনম ওয়াংচুক ১৮ দিন অনশন করলেও মোদী সরকার হাত গুটিয়ে বসে রয়েছে।"

অভিজিৎ দীপকে, *ককরোচ জনতা পার্টির প্রধান*
বিশিষ্ট সমাজকর্মী ও শিক্ষাবিদ সোনম ওয়াংচুকের অনশন প্রসঙ্গে

## আইসিসি হল অব ফেমে সৌরভ



**৮ জুলাই:** আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি)-এর হল অব ফেমে অন্তর্ভুক্ত হলেন প্রাক্তন ভারতীয় অধিনায়ক সৌরভ গঙ্গোপাধ্যায়। তাঁর আগে আরও এগারো জন ভারতীয় ক্রিকেটার এই সম্মান পেয়েছেন। নিজের এক্স হ্যান্ডলে এদিন সৌরভ তাঁর হল অব ফেমে অন্তর্ভুক্তির জন্য আইসিসি-কে ধন্যবাদ জানিয়েছেন।

**বারুইপুরের ধর্ষণ-খুনের ঘটনায়** ধৃত অন্যতম প্রধান অভিযুক্ত প্রভাস মণ্ডলের পুলিশি 'এনকাউন্টার'-এ মৃত্যু হল। পুলিশ সূত্রে জানানো হয়েছে ঘটনার পুনর্নির্মাণের জন্য গভীর রাতে প্রভাসকে ঘটনাস্থলে নিয়ে গেলে প্রভাস এক পুলিশকর্মীর সার্ভিস রিভলভার ছিনিয়ে নিয়ে গুলি ছুড়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। তখনই অন্য এক পুলিশ কর্মী প্রভাসকে গুলি করেন। ভোর রাতে তাকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন।

## এস জানকী প্রয়াত



**১১ জুলাই:** দক্ষিণ ভারতের বিশিষ্ট সংগীত শিল্পী এস জানকী (৮৮) প্রয়াত হলেন। অনুরাগীদের কাছে তিনি পরিচিত ছিলেন 'জানকী আম্মা' নামে। কন্নড়, তামিল, তেলুগু, মালয়ালম, হিন্দি-সহ ২০টি ভারতীয় ভাষায় ৪৮ হাজারেরও বেশি গান গেয়েছেন তিনি। ছয় দশকের বেশি সময় ধরে গেয়েছেন সিনেমা, অ্যালবাম, টেলিভিশন ও রেডিয়োর জন্য। চার বার জাতীয় চলচ্চিত্র পুরস্কারে সম্মানিত হয়েছেন তিনি। ২০১৩ সালে 'পদ্মভূষণ' ফিরিয়ে দিয়েছিলেন। জানিয়েছিলেন অনেক দেরিতে এই সম্মান দেওয়া হচ্ছে, তাঁর 'ভারতরত্ন' পাওয়া উচিত! জাতীয় সম্মানে দক্ষিণের শিল্পীদের প্রতি অবহেলার কথাও তুলে ধরেছিলেন তখন।


**৯ জুলাই** তৃণমূল-কংগ্রেসের রাজ্যসভার সাংসদ-পদ থেকে ইস্তফা দেওয়া সুখেন্দু শেখর রায়, সুস্মিতা দেব এবং প্রকাশ চিক বরাইক যোগ দিলেন বিজেপিতে। এর পরেই রাতে পশ্চিমবঙ্গে রাজ্যসভার উপনির্বাচনে প্রার্থী হিসেবে বিজেপি সুখেন্দু, সুস্মিতা ও প্রকাশের নাম ঘোষণা করল। তিন আসনের উপনির্বাচনেই প্রার্থী হিসেবে যেহেতু বিজেপির জয় নিশ্চিত, তাই দলত্যাগী তিন সাংসদই যে রাজ্যসভায় তাঁদের বাকি মেয়াদ অন্য দলে গিয়ে পূর্ণ করতে পারবেন তা একরকম নিশ্চিত।

## উইম্বলডনে জয়ী নস্কোভা, সিনার



**১১ জুলাই:** প্রথমবার ফাইনালে উঠেই উইম্বলডন চ্যাম্পিয়ন হয়ে নজির গড়লেন চেক প্রজাতন্ত্রের ২১ বছর বয়সি লিন্ডা নস্কোভা। তাঁর দেশেরই ক্যারোলিনা মুখোভাকে ৬-২, ৫-৭, ৬-৩ ফলে হারালেন তিনি। ২০১১ সালে চেক প্রজাতন্ত্রেরই পেত্রা কিভিতোভার উইম্বলডন জয়ের পরে কনিষ্ঠতম হিসেবে জেতার রেকর্ড গড়লেন তিনি। অন্যদিকে, ১২ জুলাই দশম খেলোয়াড় হিসেবে উইম্বলডনে টানা দু'বার খেতাব জিতলেন ইয়ানিক সিনার। ইটালীয় তারকা তাঁর পঞ্চম গ্র্যান্ড স্লাম জয়ের পথে ৩ ঘণ্টা ৪৬ মিনিটের লড়াইয়ে হারালেন আলেকজান্ডার জেরেভকে। ফল ৬-৭ (৭), ৭-৬ (২), ৬-৩, ৬-৪।

## ভারতে ইউরেনিয়াম সরবরাহ করবে অস্ট্রেলিয়া



**৯ জুলাই:** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অস্ট্রেলিয়া সফরে কৌশলগত সামরিক সহযোগিতা, অত্যাবশ্যক খনিজ সরবরাহ, সামুদ্রিক নিরাপত্তা, অর্থনৈতিক ও বাণিজ্যিক যোগাযোগ বৃদ্ধি সংক্রান্ত সমঝোতার ফলে দ্বিপাক্ষিক সম্পর্কে নতুন মাইলফলক রচিত হল। ভারতে ইউরেনিয়াম সরবরাহের চুক্তিতেও সই করল অস্ট্রেলিয়া। এদিন মেলবোর্নে নরেন্দ্র মোদী ও অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্টনি অ্যালবানিজের মধ্যে দ্বিপাক্ষিক বৈঠকের পরে জ্বালানি নিরাপত্তা, পরমাণু শক্তি, কৌশলগত সহযোগিতা-সহ নানা গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। অস্ট্রেলীয় প্রধানমন্ত্রী জানান, ভারতে ইউরেনিয়াম রফতানির মাধ্যমে ভারত জীবাশ্মভিত্তিক জ্বালানির উপর নির্ভরতা কমিয়ে বিকল্প জ্বালানির সক্ষমতা বাড়াবে।

**১০ জুলাই** গত দু'বছর ধরে ভারতের আশ্রয়ে থাকা বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা জানালেন আগামী ডিসেম্বরেই বাংলাদেশে ফিরে আত্মসমর্পণ করবেন তিনি। সংবাদসংস্থা রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে একথা জানিয়েছেন হাসিনা। তাঁর সঙ্গে ভারতে আশ্রয় নেওয়া আওয়ামী লীগের একাধিক নেতানেত্রীও দেশে ফিরে নতুন সরকারের কাছে আত্মসমর্পণ করবেন বলে দাবি করেছেন হাসিনা।

**বিশ্বকাপের প্রথম কোয়ার্টার** ফাইনালে মরক্কোকে ২-০ গোলে হারাল ফ্রান্স। কিলিয়ান এমবাপে-উসমান দেম্বেলে যুগলবন্দিতে সেমিফাইনালে উঠল তারা। মরক্কো গত বিশ্বকাপে অবশ্য সেমিফাইনাল থেকে বিদায় নিয়েছিল। এবারে ফ্রান্সের কাছে হেরে শেষ আট থেকেই ছিটকে যেতে হল তাদের। এমবাপে প্রথমার্ধে পেনাল্টি মিস করলেও দ্বিতীয়ার্ধের ৬০ মিনিটে গোল করে দলকে এগিয়ে দেন। ৬৬ মিনিটে দ্বিতীয় গোলটি করেন দেম্বেলে।

**পশ্চিমবঙ্গের যে বাসিন্দারা কেন্দ্রের** আয়ুষ্মান ভারত যোজনার অংশ হতে পারবেন না, তাঁদের জন্য, নতুন স্বাস্থ্যবিমার কথা ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মুর্শিদাবাদের এক সভা থেকে শুভেন্দু বলেন, 'আয়ুষ্মান ভারত যাঁরা পাবেন না, তাঁরা পাবেন মুখ্যমন্ত্রী স্বাস্থ্যবিমা যোজনা। এই প্রকল্পে পাঁচলক্ষ টাকা পর্যন্ত বিমার সুবিধা পাওয়া যাবে। আয়ুষ্মান প্রকল্পের মতো সংশ্লিষ্ট ওই বিমা প্রকল্পের সুবিধাও ভারতের যে-কোনও হাসপাতালে চিকিৎসার সময়ে পাওয়া যাবে বলে জানান তিনি।

**১১ জুলাই** বিশ্বকাপের দ্বিতীয় কোয়ার্টার ফাইনালে বেলজিয়ামকে ২-১ গোলে হারিয়ে শেষ চারে অর্থাৎ সেমিফাইনালে উঠে গেল স্পেন। খেলার ৩০ মিনিটেই ফ্যাবিয়ান রুইজ-এর গোলে এগিয়ে যায় স্পেন। তবে ৪১ মিনিটে বেলজিয়াম চার্লস ডে কেটেলারের গোলে সমতা ফেরায়। ম্যাচের পাঁচ মিনিট বাকি থাকতে মিকেল মেরিনোকে নামিয়ে বাজিমাত করলেন কোচ দে লা ফুয়েন্তে। ৮৮ মিনিটে গোল করে ম্যাচের ভাগ্য বদলে দিলেন মেরিনো।

## অকল্পনীয় জয়ে শেষ আটে আর্জেন্টিনা



**৭ জুলাই:** অকল্পনীয় প্রত্যাবর্তনে মিশরকে শেষ ষোলর ম্যাচে হারিয়ে কোয়ার্টার ফাইনালে উঠল আর্জেন্টিনা। ১৫ মিনিটে মিশরের ইয়াসির ইব্রাহিম এবং ৬৭-তে মোস্তাফা জিকোর গোলে এগিয়ে যায় মিশর। ৭৯ মিনিটে ক্রিশ্চিয়ান রোমেরো প্রথম গোলটি করেন। ৮৩ মিনিটে দ্বিতীয় গোল মেসির। আর ইনজুরি টাইমের তিন মিনিটে এনজো ফার্নান্দেজ জয়সূচক তৃতীয় গোলটি করেন। এদিনের অন্য দু'টি ম্যাচের একটিতে স্পেনের কাছে ১-০ ফলে হেরে বিদায় নেয় পর্তুগাল। অপর খেলায় আমেরিকাকে ৪-১ গোলে হারিয়ে কোয়ার্টার ফাইনালে উঠল বেলজিয়াম।

স্বনির্ভরতার সন্ধান

# ন্যাপথালিনের লাভজনক ব্যবসা



**পোকামাকড় প্রতিরোধে ন্যাপথালিন বলের ব্যবহার বহুল প্রচলিত।পরিবেশকে সুস্থ রাখতে বেসিনে কিংবা শৌচাগারেও সুগন্ধী ন্যাপথালিন ব্যবহার করা হয়। ন্যাপথালিনের বাজারও তাই সব সময়ই ভালো। মেশিন কিনে ন্যাপথালিন বল উৎপাদন করে ব্যবসা করতে পারেন। লাভের সম্ভাবনা যথেষ্ট।**

**নিজস্ব প্রতিনিধি:** ন্যাপথালিনের মূল পরিচয়, এটি সুগন্ধী কীটনাশক। বিজ্ঞানের পরিভাষায় বললে, অ্যারোম্যাটিক হাইড্রোকার্বন। আমরা বাজারে সাধারণত যে-ন্যাপথালিন কিনি, তা সাদা স্ফটিক আকৃতির কঠিন 'বল' আকারে থাকে। সুগন্ধী এবং সহজেই বাষ্পে পরিণত হয়।

ন্যাপথালিন বল নানা জায়গায় ব্যবহার করা হয়— পোশাকআশাক ভর্তি ওয়ার্ডরোবের কোণ থেকে শুরু করে বইয়ের তাক, বেসিন থেকে রান্নাঘর। ন্যাপথালিন ব্যবহারের মূল উদ্দেশ্যই হল সেই সব পোকামাকড় ও কীটপতঙ্গ প্রতিরোধ করা, যা পোশাকআশাক, বইপত্র ইত্যাদির ক্ষতি করে। কাঠের আসবাব, চামড়ার জুতো ও ব্যাগের সংরক্ষণ, এমনকী জাহাজ এবং পণ্যবাহী কন্টেনারে কীটপতঙ্গ প্রতিরোধেও ন্যাপথালিন ব্যবহার করা হয়। পাশাপাশি, বিভিন্ন ধরনের ডাই, রং এবং রাসায়নিক পদার্থ তৈরিতে ন্যাপথালিনের দরকার পড়ে।

পোকামাকড়কে দূরে রাখতে ন্যাপথালিনের কার্যকারিতা আছে বলেই বাড়ি থেকে হোটেল, কারখানা থেকে দোকান, প্রেক্ষাগৃহ থেকে বিমানবন্দর, সর্বত্র ন্যাপথালিন ব্যবহার করা হয়। ফলে এর চাহিদা সব সময়ই বেশি।

যাঁরা ছোট আকারে ব্যবসা শুরু করতে চাইছেন, তাঁরা বাণিজ্যিক ভাবে ন্যাপথালিন তৈরির কথা ভাবতে পারেন। লাভ ভালোই হবে। তবে, মেশিন কিনে ব্যবসা শুরু করার আগে সরকারি লাইসেন্স অবশ্যই নিতে হবে। লাইসেন্স না থাকলে ব্যবসা শুরু করা যাবে না।

ন্যাপথালিন বল তৈরির উপকরণ, জমানো ন্যাপথালিন পাউডার এবং আরও কয়েকটি প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্য। সব উপকরণই কলকাতার বড়বাজারে পাবেন। মেশিনের হপারে পাউডার ও কেমিক্যাল নির্দিষ্ট মাপে দিলেই ন্যাপথালিন বল তৈরি হয়ে বেরিয়ে আসবে। বলের আয়তন কতটা বড় ও ছোট হবে সেটা নির্ভর করে ডাইসের উপর। প্রয়োজন অনুযায়ী ডাইস বদলে নিতে হবে।

সম্পূর্ণ স্বয়ংক্রিয় মেশিনে এক ঘণ্টায় ৭ হাজার ন্যাপথালিন বল তৈরি হয়। মেশিনের দাম ১ লক্ষ টাকা। এছাড়া প্যাকেট ফিলিং মেশিন, হস্তচালিত হলে দাম পড়ে ২ হাজার টাকা। সম্পূর্ণ স্বয়ংক্রিয় প্যাকেট ফিলিং মেশিনের দাম ১ লক্ষ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** ভারত মেশিন টুলস ইন্ডাস্ট্রি, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০ ০১৩, ফোন: (০৩৩)২২৩৬-৮০১৫, ৯৪৩২৪-২২০৮৬।

## কী শিখবেন, কোথায় শিখবেন

## ব্রয়লার পাখির লাইন সুপারভাইজারের সরকারি প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** ব্রয়লার পাখির মাংস ও ডিমের চাহিদা বিশ্ব জুড়ে। ভারতে সরকারি এবং বেসরকারি বিভিন্ন সংস্থা ব্রয়লার পাখির ব্যবসা শুরু করার জন্য ঋণ দেয়। তবে এই ধরনের ব্যবসা শুরু করার আগে উপযুক্ত সংস্থা থেকে প্রশিক্ষণ নেওয়া জরুরি। সেপ্টেম্বরে পশ্চিমবঙ্গ প্রাণিসম্পদ উন্নয়ন বিভাগের তত্ত্বাবধানে নদিয়ার বড় জাগুলির অ্যাকাডেমি অব অ্যানিম্যাল রিসোর্সেস ম্যানেজমেন্টে ব্রয়লার পাখির লাইন সুপারভাইজারের প্রশিক্ষণ দেওয়া হবে। এই আবাসিক প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবেন কেবল পুরুষরা।

**কোর্সের নাম:** ব্রয়লার পাখির লাইন সুপারভাইজার।

**যোগ্যতা:** অন্তত উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। মোটর সাইকেল চালানোর লাইসেন্স থাকতে হবে। কায়িক পরিশ্রম করার মানসিকতা থাকতে হবে। পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা ও ভারতীয় নাগরিক হতে হবে।

**বয়স:** ১-১-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

**কী শেখানো হবে:** পোল্ট্রি পাখির দেহের গঠন, প্রজাতি পরিচয়, শারীরবিধান, আধুনিক ব্রয়লার খামার পরিকল্পনা, আলো, জল ও পুষ্টির ব্যবস্থাপনা, খরচ নির্ণয় ও খামারির পেমেন্ট, পাখির খাদ্য ও গুণমান, জৈব সুরক্ষা ও স্বাস্থ্য ব্যবস্থা, টিকাকরণ, পাখির নানা অসুখবিসুখ ও বিষক্রিয়া। এ ছাড়াও থাকবে হাতে-কলমে খামারের দৈনন্দিন কাজের শিক্ষা।

**কোর্সের মেয়াদ:** ৭ সেপ্টেম্বর থেকে ১৪ অক্টোবর।

**আসন সংখ্যা:** ২০।

**কোর্স ফি:** ২৮,৪৩২ টাকা। থাকা, খাওয়া ও প্রশিক্ষণের খরচ এই ফি-এর অন্তর্ভুক্ত।

**আবেদনের শেষ তারিখ:** ২৫ অগস্ট। আগে এলে আগে ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।

**কীভাবে আবেদন করবেন:** আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbldc.in ওয়েবসাইটের AARM পেজে Farm Management Certificate Course on Broiler Line Supervisor-এর ফর্মটি পূরণ করে সাবমিট করতে হবে। ফি জমা দিয়ে ভর্তি হওয়ার শেষ তারিখ ২৬ অগস্ট। বিস্তারিত জানতে ফোন করতে পারেন এই নম্বরে: ৮৯৪২৮-২৩৭১২, ৮৩২৭৬-৮৮৯৬৫ । তথ্যের জন্য ই-মেল করতে পারেন এই ই-মেল আইডিতে: aarmtraining@gmail.com


AmbujaNeotia
THE NEOTIA UNIVERSITY
UGC Enlisted & Recognised

Invites applications for the below Positions

Send Resumes @ career2026@tnu.in

**Teaching**

SCHOOL OF SCIENCE & TECHNOLOGY
- Assistant /Associate Professor - CSE

SCHOOL OF AGRICULTURE & ALLIED SCIENCES
- Assistant/Associate Professor- Aquaculture
- Visiting Faculty - (i) Fisheries Engineering (ii) Aquatic Environment Management

SCHOOL OF HEALTH SCIENCE
- Assistant/Associate Professor-Psychology (Non-Clinical)
- Visiting Faculty - Psychology (Clinical)
- Assistant/Associate Professor-Hospital Management
- Assistant Professor- Anesthesia Operation & Theatre Technology
- Assistant Professor - Optometry
- Assistant Professor - Nutrition

SCHOOL OF HUMANITIES, MANAGEMENT & SOCIAL SCIENCES
- Assistant/Associate Professor/Visiting Faculty - (HR / Marketing).

**Non-Teaching**
- Registrar (Minimum 5 years of experience as Dy. Registrar or Registrar having experience of Regulatory Bodies).
- Internal Auditor- Head Office (min 10 yrs of exp in Process).
- Training & Placement Head- Head Office.
- Career Development Head (Any master's degree with minimum 10 years of experience preferably in the education sector).
- Innovation Council Head (master's degree or Ph.D. with minimum 15 years of relevant experience).
- Deputy Exam Controller (master's degree with min. 5 years' administrative experience as Assistant Controller of Examination).
- Manager- Marketing & Admission.
- Security Head (Retired from police at AC or equivalent level).
- Estate Officer (Exp in land purchase, mutation, conversion etc.)
- Boys Hostel Superintendent.
- Housekeeping Supervisor.

THE NEOTIA UNIVERSITY (www.tnu.in)
HEAD OFFICE : Vishwakarma, 86C Topsia Road (S), Kolkata-700 046
CAMPUS : Sarisha, Diamond Harbour Road, 24 Parganas (S), West Bengal - 743368


# পিএসসি-র মাধ্যমে পঞ্চায়েতে ১১ হাজার শূন্যপদে নিয়োগ হবে ডিসেম্বরের মধ্যে: মন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের বিভিন্ন পদে নিয়োগ করার দায়িত্ব পেতে চলেছে পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি)। ২০ জুলাই রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ এ কথা জানিয়েছেন। এত দিন জেলা-ভিত্তিক সিলেকশন কমিটির (ডিএলএসসি) মাধ্যমেই গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ স্তরে কর্মী নিয়োগ করা হত। এবার কেন্দ্রীয় ভাবে হবে। ডিসেম্বরের মধ্যেই পিএসসি-র মাধ্যমে পঞ্চায়েত দপ্তরে প্রায় ১১ হাজার শূন্যপদে কর্মী নেওয়া হবে বলে জানিয়েছেন মন্ত্রী। মূলত গ্রাম পঞ্চায়েত কর্মী, সহায়ক, নির্মাণ সহায়ক, পঞ্চায়েত সচিব, এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট, অ্যাকাউন্টস ক্লার্ক, ক্যাশিয়ার, ব্লক ইনফর্মেটিক্স অফিসার, লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট, সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ও গ্রুপ-ডি পদে নিয়োগ করা হবে।

পঞ্চায়েত দপ্তরে কর্মী সংকটের জন্য নানা গুরুত্বপূর্ণ কাজ আটকে আছে বলে এর আগেও জানিয়েছিলেন পঞ্চায়েত মন্ত্রী। এবার দ্রুত নিয়োগের সঙ্গে স্বচ্ছ ভাবে নিয়োগেও জোর দিচ্ছে রাজ্য সরকার। পিএসসির মাধ্যমে নিয়োগ হলে গোটা রাজ্যে একটিই মেধা-তালিকার মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে। তবে পিএসসি যেহেতু স্বশাসিত সংস্থা, তাই তাদের হাতে নিয়োগ প্রক্রিয়া চালানোর ভার তুলে দিতে হলে আইন সংশোধন করা প্রয়োজন। আইন সংশোধনের উদ্যোগ সরকার চলতি বাদল অধিবেশনেই নেবে কিনা, জানা যায়নি। ২০ জুলাই থেকেই রাজ্য বিধানসভার বাদল অধিবেশন শুরু হয়েছে।


**Recruitment**

Wanted PGT, B.Ed. Asstt. Teacher in Physics and Chemistry for co-ed H.S. School (Bengali Medium) at Garia Rly. Stn. Send CV with testimonials and recent photo.
E-mail : egeigaria@gmail.com within 10 days.



CAMBRIDGE INSTITUTE OF TECHNOLOGY
Tatisilwai, Ranchi-835103, Jharkhand | Website: - www.citranchi.ac.in
(Approved by AICTE New Delhi, Govt. of Jharkhand and Affiliated to JUT)
CIT, RANCHI Estd. 2001
APPLICATION INVITED

| | Department | Post |
|---|---|---|
| A. | CSE, Civil & EEE | Professor, Associate Professor & Assistant Professor |
| B. | Mechanical & ECE | Professor & Associate Professor |
| C. | Applied Science & Humanities (Maths, Physics & English) | Assistant Professor |

Qualification : As per AICTE/U.G.C. Norms Salary: Negotiable

Send your resume along with copy of relevant documents through E-mail: hr@citranchi.ac.in mentioning Department, Advertisement No. and Post applied for at the earliest. Shortlisted candidates will be called for interview. No TA/DA will be paid.

Advt. No.: CIT(R)/03/2026 SECRETARY



Trinity Trust, Asansol — Welfare, Education, Health

Estd : 2000
www.gctsindia.in

Most renowned Pharmacy College in West Bengal

GUPTA COLLEGE OF TECHNOLOGICAL SCIENCES

(Fully Dedicated College of Pharmacy)

Approved by AICTE, PCI & UGC2(F), Affiliated to MAKAUT

Ashram More, G .T. Road, Asansol, Dist : Paschim Bardhaman, Asansol- 713301 W.B.

27th Year A Hallmark of Academic Excellence

POSITION VACANT

Gupta College of Technological Sciences is one of the best Pharmacy college in India ( NIRF ) ranking 2023 Pharmacy Rank Band 102-125). Excellent GPAT qualified students in 2024, best AIR rank in 2024.

Courses Offered B.Pharma - M.Pharma

We require teachers for the following faculty positions.

1. Asst. Professor in Medicinal Chemistry
2. Asst. Professor in Pharmacology
3. Asst. Professor in Pharmacy Practice

Qualification & Salary as per AICTE & PCI Norms

Apply within 7 days with CV & recent passport size photo & contact number and photocopy of all relevant certificates.

Candidates may send their resume to :- gctsasansol@gmail.com

# উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলে ৬৭৪৪

চারের পাতার পর

ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। ফিটার: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। কার্পেন্টার: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

ডিপার্টমেন্ট পার্সোনেল: সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। কম্পিউটার নেটওয়ার্কিং টেকনিশিয়ান: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

ডিপার্টমেন্ট অ্যাকাউন্টস: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

মোট আসনের মধ্যে ৩৪টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৮৬টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**নিউ বঙ্গাইগাঁও ওয়ার্কশপ**

ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান: ২৯টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। লাইনম্যান: ২৯টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

ডিপার্টমেন্ট মেকানিক্যাল: প্লাম্বার: ৬৪টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৭, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। কার্পেন্টার: ৬৫টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই): ৭৫টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২০, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ফিটার: ১১০টি (সাধারণ ৪৪, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৩০, আর্থিক ভাবে অনগ্রসর ১১)। টার্নার: ৪৯টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। মেশিনিস্ট: ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। ইলেক্ট্রিশিয়ান: ৬৪টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৭, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। পাইপ ফিটার: ৪৮টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। ইলেক্ট্রনিক্স মেকানিক: ১৯টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। টিগ/মিগ ওয়েল্ডার: ১৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। স্ট্রাকচারাল ওয়েল্ডার: ৩৫টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। সিএনসি প্রোগ্রামার কাম অপারেটর: ১৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মেকানিক ইলেক্ট্রিক্যাল ইনস্ট্রুমেন্ট: ৪০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। অপারেটর অ্যাডভান্সড মেশিন টুল: ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। গ্যাস কাটার: ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পেইন্টার (জেনারেল): ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ক্যাড/ক্যাম অপারেটর কাম প্রোগ্রামার: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং: ড্রাফটসম্যান (সিভিল): ২টি (সাধারণ ১, ও বি সি ১)। ফিটার: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই): ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

মেশিনিস্ট: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ইলেক্ট্রিশিয়ান: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। স্ট্রাকচারাল ওয়েল্ডার: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। অ্যাডভান্স ওয়েল্ডার: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। জিগস অ্যান্ড ফিক্সচার্স মেকার: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। কোয়ালিটি অ্যাসিওরেন্স অ্যাসিস্ট্যান্ট: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

ডিপার্টমেন্ট পার্সোনেল: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

ডিপার্টমেন্ট অ্যাকাউন্টস: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

ডিপার্টমেন্ট স্টোর্স: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

মোট আসনের মধ্যে ৩৫টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৮৮টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিব্রুগড় ওয়ার্কশপ**

ডিপার্টমেন্ট ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিশিয়ান: ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। লাইনম্যান: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

ডিপার্টমেন্ট মেকানিক্যাল: প্লাম্বার: ৪৯টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। কার্পেন্টার: ৪৩টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই): ৭৫টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২০, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: ২৪টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ফিটার: ১০৫টি (সাধারণ ৪২, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৮, আর্থিক ভাবে অনগ্রসর ১১)। টার্নার: ৪৮টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। মেশিনিস্ট: ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। ইলেক্ট্রিশিয়ান: ৬৪টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৭, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং: ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। পাইপ ফিটার: ৪৭টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। ইলেক্ট্রনিক্স মেকানিক: ১৯টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। টিগ/মিগ ওয়েল্ডার: ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। স্ট্রাকচারাল ওয়েল্ডার: ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। সিএনসি প্রোগ্রামার কাম অপারেটর: ১৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মেকানিক ইলেক্ট্রিক্যাল ইনস্ট্রুমেন্ট: ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। অপারেটর অ্যাডভান্সড মেশিন টুল: ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। গ্যাস কাটার: ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পেইন্টার (জেনারেল): ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ক্যাড/ক্যাম অপারেটর কাম প্রোগ্রামার: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

ডিপার্টমেন্ট পার্সোনেল: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

ডিপার্টমেন্ট অ্যাকাউন্টস: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

ডিপার্টমেন্ট স্টোর্স: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

মোট আসনের মধ্যে ৩১টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৭৬টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**নর্থ ফ্রন্টিয়ার রেল হেড কোয়ার্টার্স ইউনিট**

ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং (এস্টেট/মালিগাঁও): সার্ভেয়র: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ড্রাফটসম্যান (সিভিল): ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। প্লাম্বার: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। কার্পেন্টার: ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ম্যাসন: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ফিটার: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। বিল্ডিং মেইন্টেন্যান্স টেকনিশিয়ান: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। স্যানিটারি হার্ডওয়্যার ফিটার: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই): ২টি (সাধারণ ১, ও বি সি ১)।

ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং (ট্র্যাক মেশিন): ফিটার: ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই): ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মেশিনিস্ট: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ইলেক্ট্রিশিয়ান: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ইনস্ট্রুমেন্ট মেকানিক: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মেকানিক ডিজেল: ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মেকানিক (নন-কনভেনশনাল পাওয়ার জেনারেশন, ব্যাটারি অ্যান্ড ইনভার্টার): ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মেকানিক মেকানিক্যাল মেইন্টেন্যান্স: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মেকানিক ইলেক্ট্রিক্যাল মেইন্টেন্যান্স: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং (ব্রিজ ইউনিট): ড্রাফটসম্যান (সিভিল): ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ফিটার: ৩৫টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৪)।

ডিপার্টমেন্ট সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন: ফিটার: ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। কার্পেন্টার: ১৭টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। মেশিনিস্ট: ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ইলেক্ট্রিশিয়ান: ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই): ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। পেইন্টার (জেনারেল): ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

ডিপার্টমেন্ট পার্সোনেল: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১৫টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ২৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। ইনফর্মেশন অ্যআন্ড কমিউকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। কম্পিউটার নেটওয়ার্কিং টেকনিশিয়ান: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)।

ডিপার্টমেন্ট অ্যাকাউন্টস: সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপাজিত ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

ডিপার্টমেন্ট স্টোর্স: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

মোট আসনের মধ্যে ২০টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৫০টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট (আইটিআই সার্টিফিকেট) থাকতে হবে।

**বয়স:** ১৯-৮-২০২৬ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৯,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মাধ্যমিক ও আইটিআই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nfr.indianrailways.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৯ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো, কালো কালির সই এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দিতে হবে। মহিলা, তফসিলি, ইবিসি এবং দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রেলে ১১৯ সেকশন কন্ট্রোলার

প্রথম পাতার পর

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক ডিগ্রি।

**বয়স:** ১-৭-২০২৬ তারিখে ২০ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**মেডিক্যাল স্ট্যান্ডার্ড:** এ-টু। **দৃষ্টিশক্তি:** দূরের ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে এসএন ০.৬। **শুরুতে বেতন:** ৩৫,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, কম্পিউটার-ভিত্তিক অ্যাপ্টিটিউড টেস্ট, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে অ্যানালিটিক্যাল অ্যান্ড ম্যাথমেটিক্যাল কেপেবিলিটি, লজিক্যাল কেপেবিলিটি ও মেন্টাল রিজনিং বিষয়ে। নম্বর ১০০। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrbapply.gov.in দরখাস্ত করা যাবে ১৪ অগস্ট পর্যন্ত। যে-কোনও একটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের (আরআরবি) শূন্যপদে দরখাস্ত করবেন।

পশ্চিমবঙ্গের আরআরবি-র ওয়েবসাইটগুলি হল: www.rrbkolkata.gov.in (কলকাতা), www.rrbsiliguri.gov.in (শিলিগুড়ি), www.rrbmalda.gov.in (মালদা)। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর সই (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ৩০ থেকে ৪৯ কেবি সাইজের মধ্যে) ও প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে ৪০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা (মহিলা, তফসিলি, সংখ্যালঘু, ট্রান্সজেন্ডার, প্রতিবন্ধী ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় বসলে ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে যথাক্রমে ৪০০ টাকা এবং ২৫০ টাকা ফেরত পাওয়া যাবে। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৬ অগস্ট।

আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটগুলিতে।

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. সোলার সেল বা সৌর কোষে নীচের কোন মৌলটি প্রধানত ব্যবহৃত হয়?
(a) সিলিকন (b) লোহা (c) তামা (d) অ্যালুমিনিয়াম
2. সাবানের বুদবুদ রঙিন দেখানোর কারণ হল আলোর:
(a) প্রতিফলন (b) প্রতিসরণ (c) ব্যাতিচার (d) বিচ্ছুরণ
3. লুমেন (Lumen) কীসের একক?
(a) ম্যাগনেটিক ফ্লাক্স (b) লুমিনাস ইনটেনসিটি (c) লুমিনাস ফ্লাক্স (d) সবক'টিই
4. নীচের কোন নৃত্যশিল্পী সংশোধনাগারের বাসিন্দাদের জন্য যুগান্তকারী উদ্যোগ নিয়েছেন?
(a) অলকানন্দা রায় (b) মমতা শঙ্কর (c) সুতপা তালুকদার (d) অমিত দত্ত
5. বিজয়নগর রাজ্যের রাজধানীর নাম কী?
(a) মাইসোর (b) আইহোল (c) হ্যাম্পি (d) কাঞ্চিপুরম
6. তেজস্ক্রিয়তার SI একক কী?
(a) অ্যাম্পিয়ার (b) ভোল্ট (c) বেকারেল (d) কুরী
7. ঝুলন গোস্বামীর 'বায়োপিক'-এ কে নাম ভূমিকায় অভিনয় করছেন?
(a) দীপিকা পাডুকোন (b) তাপসী পান্নু (c) বিপাশা বসু (d) অনুষ্কা শর্মা
8. বলিউডের বিখ্যাত চলচ্চিত্র 'হাইদার' কোন ইংরেজি নাটক থেকে অনুপ্রাণিত?
(a) আর্মস অ্যান্ড দ্য ম্যান (b) প্রাইড অ্যান্ড প্রেজুডিস (c) ওয়ার অ্যান্ড পিস (d) হ্যামলেট
9. নীচের কোন অধিকারটি ভারতীয় সংবিধান অনুসারে আর মৌলিক অধিকার বলে গণ্য করা হয় না?
(a) শিক্ষার অধিকার (b) ধর্মীয় আচরণের অধিকার (c) সাম্যের অধিকার (d) সম্পত্তির অধিকার
10. গ্রেটা থুনবার্গ কে?
(a) সুইডেনের নারীবাদী আন্দোলনের নেত্রী (b) সুইডেনের পরিবেশ কর্মী এবং পরিবেশ সংকট দূরীকরণে আন্দোলনরত (c) জর্জিয়ার এক স্কুল ছাত্রী যে সামাজিক ন্যায়ের জন্য লড়াই করছে (d) উপরের কোনওটিই নয়
11. আনা বার্নস-এর উপন্যাস 'মিল্কম্যান' কী পুরস্কার লাভ করে?
(a) নোবেল পুরস্কার (b) পুলিৎজার প্রাইজ (c) ম্যান বুকার প্রাইজ (d) এডগার পুরস্কার
12. ভারতের জাতীয় পতাকার চূড়ান্তরূপ দেন কোন শিল্পী?
(a) সরোজিনী নাইডু (b) আচার্য কৃপালানী (c) পিঙ্গলী ভেঙ্কইয়া (d) সর্দার বল্লভভাই প্যাটেল
13. কিডনির (বৃক্ক) পরিস্রাবণ ইউনিটকে বলে:
(a) ইউরেটার (b) ইউরেথ্রা (c) নিউরন (d) নেফ্রন
14. ভারতীয় সংবিধান অনুসারে কে বা কারা চূড়ান্ত সার্বভৌমত্বের অধিকারী?
(a) আইন সভার সকল নির্বাচিত সদস্য (b) ভারতের প্রধানমন্ত্রী (c) ভারতের সকল নাগরিক (d) উপরের কেউই নন
15. 'The Trial' বইটির রচয়িতা কে?
(a) মার্ক টোয়েন (b) ফ্রানজ কাফকা (c) জেমস জয়েস (d) আর্নেস্ট হেমিংওয়ে
16. শর্ট সার্কিট বা ওভারলোডিং থেকে গৃহ সরঞ্জামগুলি রক্ষার জন্য সব থেকে গুরুত্বপূর্ণ সুরক্ষা পদ্ধতিটি হল:
(a) আর্থিং (b) ফিউজ ব্যবহার করা (c) স্টেবিলাইজার ব্যবহার করা (d) বৈদ্যুতিন মিটার ব্যবহার করা
17. $CO_2$, জলীয় বাষ্প ($H_2O$ Vapour), $CH_4$ এবং CO -এর মধ্যে কোন গ্রিন হাউস গ্যাসটির উপস্থিতি সর্বাধিক?
(a) $CO_2$ (b) CO (c) $H_2O$ vapour (d) $CH_4$
18. ভারতীয় সংবিধানের কোন ধারা অস্পৃশ্যতা দূরীকরণের সঙ্গে জড়িত?
(a) 17 নম্বর ধারা (b) 18 নম্বর ধারা (c) 19 নম্বর ধারা (d) 20 নম্বর ধারা
19. বিখ্যাত উপন্যাস 'পালামৌ' কার রচনা?
(a) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (b) সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় (c) বুদ্ধদেব বসু (d) সমরেশ বোস
20. উদ্ভিদের বৃদ্ধির জন্য দায়ী রাসায়নিকটি হল:
(a) সাইট্রিক অ্যাসিড (b) ক্লোরোফিল (c) ইন্ডোল অ্যাসেটিক অ্যাসিড (d) ফিনাইল অ্যাসেটিক অ্যাসিড
21. 'নিবারণ চক্রবর্তী' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন উপন্যাসের চরিত্র এবং কী তার উপজীবিকা?
(a) উপন্যাস— গোরা, উপজীবিকা— ব্রাহ্মণ পুরোহিত (b) উপন্যাস— যোগাযোগ, উপজীবিকা— শিক্ষক (c) উপন্যাস— ঘরে বাইরে, উপজীবিকা— স্বদেশী নেতা (d) উপন্যাস— শেষের কবিতা, উপজীবিকা— কবি
22. বেশিরভাগ গাছই নাইট্রোজেন শোষণ করে এই আকারে:
(a) প্রোটিন (b) নাইট্রেট ও নাইট্রাইট (c) ইউরিয়া (d) নাইট্রেট, নাইট্রাইট ও ইউরিয়া
23. নীচের কোনটি একটি ছোট্ট মেয়ের কাহিনী?
(a) পলিয়ানা (b) রেবেকা (c) আনা কারেনিনা (d) জেন আইয়ার
24. একটি গ্যাসের বাষ্পঘনত্ব 32 হলে গ্যাসটির আণবিক ওজন হবে:
(a) 64 (b) 16 (c) 32 (d) 128
25. মানুষের পাচনতন্ত্রে কোন উৎসেচকটি খাদ্যের সঙ্গে প্রথমে মিশ্রিত হয়?
(a) পেপসিন (b) সেলুলোজ (c) অ্যামাইলোজ (d) ট্রিপসিন
26. নীচের কোন প্রত্নতাত্ত্বিক কেন্দ্রটি পশ্চিমবঙ্গে অবস্থিত?
(a) অহিচ্ছত্র (b) শিশুপালগড় (c) বামনগাঁও (d) মোগলমারি
27. যখন NaCl-কে জলে দ্রবীভূত করা হয়, প্রতিটি $Na^+$-এর চারপাশে:
(a) $Cl^-$ আয়ন থাকে (b) $Na^+$ আয়ন থাকে (c) $Na^+$ এবং $Cl^-$ আয়ন থাকে (d) $H_2O$ অণুগুলি থাকে
28. পরিবেশ বদলের উপর অস্কারপ্রাপ্ত তথ্যচিত্র কোনটি?
(a) অ্যান ইনকনভিনিয়েন্ট ট্রুথ (b) কোল্ড পারসুইট (c) নাইট অন আর্থ (d) দ্য রিভার ওয়াইল্ড
29. 'সওয়া সের গেঁহু' কোন লেখকের রচনা?
(a) প্রেমচাঁদ (b) খুশবন্ত সিং (c) কমলেশ্বর (d) জয়শঙ্কর প্রসাদ
30. ভারতীয় সংবিধানের 23তম ধারায় কী বলা হয়?
(a) ধর্মীয় জবরদস্তির নিষিদ্ধকরণ (b) বন্যপ্রাণী হত্যা নিষিদ্ধকরণ (c) মানুষ পাচার নিষিদ্ধকরণ (d) কোনওটিই নয়
31. চালের জলে (মাড়) কয়েক ফোঁটা আয়োডিন দ্রবণ যুক্ত করা হলে দ্রবণটি নীল-কালো রঙের হয়ে যায়। এটি ইঙ্গিত দেয় যে, চালের জলে রয়েছে:
(a) চর্বি (b) জটিল প্রোটিন (c) শ্বেতসার বা 'স্টার্চ' (d) সাধারণ প্রোটিন
32. ঋগ্বেদে কোন যুদ্ধের উল্লেখ রয়েছে?
(a) কুরুক্ষেত্র (b) দশ রাজার (c) একশত রাজার (d) দেব-অসুর
33. ড্যান ব্রাউনের অতিপরিচিত নায়ক 'ডেভিড' ল্যাংডন-এর ডাকনাম ছিল:
(a) ইউনিকর্ন (b) স্কুইরেল (c) ল্যাম্ব (d) ডলফিন
34. কোন মুঘল বাদশার সমাধি অধুনা পাকিস্তানে অবস্থিত?
(a) হুমায়ুন (b) আকবর (c) জাহাঙ্গির (d) ঔরঙ্গজেব
35. সালোকসংশ্লেষণের সময় মুক্ত অক্সিজেন এখান থেকে আসে:
(a) জল (b) কার্বন-ডাই অক্সাইড (c) গ্লুকোজ (d) কার্বন ডাই-অক্সাইড এবং গ্লুকোজ দু'টোর থেকে
36. নীচের কোন দেশটির ভারতের সঙ্গে স্থল-সীমান্ত নেই?
(a) চিন (b) মিয়ানমার (c) আফগানিস্তান (d) কোনওটিই নয়
37. ডেঙ্গু রোগের জীবাণু বহন করে:
(a) এডিস মশা (b) অ্যানোফিসিল মশা (c) কিউলেক্স মশা (d) কোনওটিই নয়
38. ক্যালশিয়াম কার্বনেটে ক্যালশিয়ামের শতকরা মাত্রা কত?
(a) 50 (b) 10 (c) 40 (d) 100
39. সিন্ধু সভ্যতার কোন নগরীতে বৃহত্তম শিলালেখ পাওয়া গেছে?
(a) মহেঞ্জোদাড়ো (b) হরপ্পা (c) কালিবঙ্গান (d) ধোলাভিরা
40. নীচের কোন শহরটি তৃতীয় সরকারি ভাষা হিসেবে হিন্দিকে গ্রহণ করেছে?
(a) কুয়ালালামপুর (b) দোহা (c) আবু ধাবি (d) হংকং
41. লতা মঙ্গেশকরের আসল নাম কী?
(a) মীনা (b) হেমা (c) নীতা (d) সীমা
42. কোন লেখিকা বাংলায় প্রথম মেয়ে গোয়েন্দা গ্রুপ 'গোয়েন্দা গণ্ডালু'র স্রষ্টা?
(a) সুখলতা রাও (b) লীলা মজুমদার (c) সরোজিনী নাইডু (d) নলিনী দাস
43. 1988 সালের সিওল অলিম্পিকে স্টেফি গ্রাফ যখন মহিলা একক টেনিসে স্বর্ণ পদক জেতেন তা তিনি কোন দেশের হয়ে জেতেন?
(a) জার্মানি (b) পশ্চিম জার্মানি (c) পূর্ব জার্মানি (d) পোল্যান্ড
44. নীচের দেশগুলির কোনটিতে ভারতের সবচেয়ে বেশি প্রদেশের সঙ্গে সীমান্ত বন্টন রয়েছে?
(a) বাংলাদেশ (b) পাকিস্তান (c) নেপাল (d) ভুটান
45. হেমিস জাতীয় উদ্যান কোথায় অবস্থিত?
(a) সিমলা (b) দার্জিলিং (c) গুয়াহাটি (d) লাদাখ
46. $Na^+$, $Fe^{2+}$, $CO^{3+}$ এবং $Zn^{2+}$-এর মধ্যে কোনটি বা কোনগুলি সন্ধিগত মৌলের আয়ন নয়?
(a) $Na^+$ এবং $CO^{3+}$ (b) $Fe^{2+}$ এবং $CO^{3+}$ (c) $Fe^{2+}$ এবং $ZN^{2+}$ (d) $Na^+$ এবং $Zn^{2+}$
47. বিখ্যাত জীবনীমূলক রচনা 'দি ডায়েরি অফ আ ইয়াং গার্ল'-এর রচয়িতা অ্যান ফ্রাঙ্ক কোন জাতির মানুষ ছিলেন?
(a) পোলিশ (b) ডাচ (ওলন্দাজ) (c) অস্ট্রেলিয়ান (d) জার্মান
48. 'নামচা বারওয়া' থেকে কোন নদী ভারতে প্রবেশ করে?
(a) গঙ্গা (b) যমুনা (c) ব্রহ্মপুত্র (d) জলঙ্গী
49. পুরুষ লন টেনিস খেলায় এই মুহূর্তে কে শীর্ষস্থানে রয়েছেন?
(a) রজার ফেডারার (b) ইয়ানিক সিনার (c) রাফায়েল নাদাল (d) আলেকজান্ডার জাভরেভ
50. মধ্য এশিয়ার কোন বাদ্যযন্ত্র ভারতীয় বাদ্যযন্ত্র সরোদ-এর মতো?
(a) সেতার (b) রাবাব (c) ঘিজাক (d) চাংঘ
51. রোহিঙ্গা উপজাতি মায়ানমারের কোন প্রদেশের বাসিন্দা?
(a) রাখাইন (b) কাচিন (c) চিন (d) কোনওটিই নয়
52. সূর্যের শক্তি উৎপন্ন হয়:
(a) H এবং He পরমাণুর রাসায়নিক বিক্রিয়া থেকে (b) He পরমাণুর ফিশন বিক্রিয়ার দরুন (c) H এবং He পরমাণুর ফিউশন বিক্রিয়ার ফলে (d) H পরমাণুর তড়িৎ রাসায়নিক বিক্রিয়ার ফলে
53. স্টেইনলেস স্টিলে লোহা মিশ্রিত থাকে এদের সঙ্গে:
(a) Ni এবং Cr (b) Cu এবং Cr (c) Ni এবং Cu (d) Cu এবং Zn
54. 'FAST (Five-hundred-meter Aperture Spherical Telescope) যা সম্প্রতি খবরের শিরোনামে ছিল, এটি কোন দেশে অবস্থিত?
(a) অস্ট্রেলিয়া (b) চিন (c) ভারত (d) রাশিয়া
55. অলিম্পিক কাউন্সিল অফ এশিয়ার (OCA) সদর দপ্তর কোথায় অবস্থিত?

এরপর দশের পাতায়

# ভারতীয় রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-২ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

90. A man says, 'She is the daughter of the only son of my grandfather.'
Who is she to the man?
(a) Sister (b) Daughter (c) Niece (d) Cousin
91. A person walks 10 m north, then 10 m east, then 10 m south. How far is he from the starting point?
(a) 0m (b)10m (c) 20m (d) 30m
92. Book : Read : : Food : ?
(a) Cook (b) Eat (c) Drink (d) Serve
93. Choose the odd one:
(a) Square (b) Rectangle (c) Circle (d) Triangle
94. In a class of 40 students Ravi ranks 12th from the top. What is his rank from the bottom?
(a) 27th (b) 28th (c) 29th (d) 30th
95. Statement: All pens are pencils.
All pencils are erasers.
Conclusion: I. All pens are erasers.
II. All erasers are pens.
(a) Only I follows (b) Only II follows (c) Both follow (d) Neither follows
96. A, C, F, J, O, ?
(a) S (b) T (c) U (d) V
97. What is the angle between the hour and minute hands at 3 : 30?
(a) 75° (b) 80° (c) 90° (d) 105°
98. A dice has the numbers 1, 2, 3, 4, 5, and 6 on its six faces. In two different positions of the same dice:
Face 1 is opposite to face 6
Face 2 is opposite to face 5
Question: Which face is opposite to face 3?
(a) 1 (b) 2 (c) 4 (d) 5
99. A dice is shown in two positions:
Position 1: Top = 1, Front = 2, Right = 3
Position 2: Top = 1, Front = 3, Right = 5
Which number is opposite to 2?
(a) 3 (b) 4 (c) 5 (d) 6
100. A dice is shown in the following two positions:
Position 1: Top = 2 Front = 4 Right = 1
Position 2: Top = 2 Front = 1 Right = 5
Which number is opposite to 4?
(a) 1 (b) 3 (C) 5 (d) 6

**Answers**

90(a), 91(b), 92(b), 93(c), 94(c), 95(a), 96(c), 97(a), 98(c), 99(c), 100(c).

**Solutions:**

1(d): The above are the standard sizes of drawing sheets is 420 × 594 (A2).
2(d): Clinograph is an adjustable set-square and is used to draw parallel lines at any angle. The two sides of Clinograph are fixed at 90° and the third side can be adjusted at any desired angle. It is made of wood or plastic. It contains one adjustable wing or strip which can be adjusted to required angle.
3(b): The dimension of $B_2$ drawing board is 700 × 500 × 15 mm. $B_2$ size drawing board is called imperial size drawing board.
4(a): There are some limitations of the coloured drawing sheet. Mostly white drawing sheet is used in engineering drawing; coloured drawing sheet are rarely used.
5(c): The ratio of the length and width of the drawing sheet is:
$841 : 1189 = 1 : \sqrt{2}$
$594 : 841 = 1 : \sqrt{2}$
6(d): The ratio of the shorter side of A4 sheet to longer side of an A3 sheet is 1 : 2.
7(c): The area of A0 size sheet is 10000 $cm^2$.
The area of A0 size sheet = 84.1 cm × 118.9 cm = 9999,49 $cm^2$ = 10000 $cm^2$.
8(a): If the width of a standard engineering drawing sheet is 841 mm, then its length will be1189mm. It is the size of A0 sheet size being 841 × 1189 mm.
9(a): LH means left hand.
10(a): Mainly two types of set squre are used, in one set squre 30° – 60° – 90° angels are made, and in another set-square 45° – 45° – 90° can be made.
11(a): except speed all have both magnitude and direction.
12(b): density is derived unit because it is a combination of two basic units mass and vloume its expressed as $Kg/m^3$.

এরপর দশের পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

(a) বেইজিং, চিন (b) কুয়েত সিটি, কুয়েত (c) নয়া দিল্লি, ভারত (d) টোকিও, জাপান

56. 'তোবা টেক সিং' গল্পটি কোন ঐতিহাসিক সত্যের ভিত্তিতে লেখা?
(a) দেশভাগ (b) 1857-র বিদ্রোহ (c) অসহযোগ আন্দোলন (d) বিপ্লবী আন্দোলন

57. কোন রাজ্যে এলজিবিটি সম্প্রদায়ের জন্য একটি রাজ্য পর্যায়ের বিশেষ আদালত স্থাপিত হয়েছে?
(a) তেলেঙ্গানা (b) কেরালা (c) গুজরাট (d) মহারাষ্ট্র

58. বৈদ্যুতিক তারে একটি অন্তরক উপাদানের আবরণ থাকে। সাধারণত ব্যবহার হয়:
(a) সালফার (b) গ্রাফাইট (c) পিভিসি (d) সবক'টিই

59. 'গোটিপুয়া' ভারতের কোন প্রদেশের নৃত্য?
(a) ওড়িশা (b) মহারাষ্ট্র (c) কেরালা (d) অন্ধ্রপ্রদেশ

60. অমিতাভ ঘোষের কোন উপন্যাস বার্মা কেন্দ্রিক?
(a) শ্যাডো লাইন্স (b) গ্লাস প্যালেস (c) হাংরি টাইড (d) কাউন্টডাউন

61. 'হ্যারি পটার' সিরিজে কোন ব্যক্তি ছিলেন চূড়ান্ত বিধ্বংসী ক্ষতিকারক?
(a) ডাডলি ডার্সলি (b) লর্ড ভলডেমোর্ট (c) সেভেরাস স্নেপ (d) কোনওটিই নয়

62. নীচের কোন জলাশয়টি সমুদ্রের সঙ্গে যুক্ত নয়?
(a) আরল সাগর (b) কৃষ্ণ সাগর (c) ভূমধ্যসাগর (d) লোহিত সাগর

63. 'মোপলা' অভ্যুত্থান ছিল মূলত একটি:
(a) উপজাতিক আন্দোলন (b) কৃষক আন্দোলন (c) সাম্প্রদায়িক আন্দোলন (d) বিপ্লবী আন্দোলন

64. নীচের কোন চলচ্চিত্রের নৃত্য পরিচালনা করেছিলেন বিরজু মহারাজ?
(a) ঝনক ঝনক পায়েল বাজে (b) মুঘল-এ-আজম (c) উমরাহ জান (d) শতরঞ্জকে খিলাড়ি

65. 'দস্ত-ই-মারগো' বা 'মৃত্যু-মরুভূমি' কোন দেশের অংশ?
(a) সৌদি আরব (b) কাজাখস্তান (c) ইরাক (d) আফগানিস্তান

66. ভারতীয় সংবিধানের প্রথম নকশা ও তার পাণ্ডুলিপিকরণ নীচের কোন শিল্পীর দায়িত্বে হয়েছিল?
(a) যামিনী রায় (b) নন্দলাল বসু (c) অমৃতা শেরগিল (d) গণেশ পাইন

67. মানুষের সুষুম্না স্নায়ুর সংখ্যা:
(a) 11 জোড়া (b) 27 জোড়া (c) 32 জোড়া (d) 31 জোড়া

68. বাঙালি 'কার্টুন চরিত্র 'নন্টে-ফন্টে'-র স্রষ্টা কে?
(a) নারায়ণ গঙ্গোপাধ্যায় (b) নারায়ণ দেবনাথ (c) নারায়ণ সান্যাল (d) নারায়ণ শিকদার

69. কোন প্রধানমন্ত্রীর আমলে, কোন বছরে ভারতীয় সংবিধানে নাগরিকদের ভোটাধিকারের বয়স কমিয়ে 21 থেকে 18 করা হয়?
(a) ইন্দিরা গান্ধী, 1981 (b) রাজীব গান্ধী, 1989 (c) নরসিমহা রাও, 1992 (d) অটল বিহারী বাজপেয়ী, 1998

70. নীচের কোনটি হিমালয়ের অংশ নয়?
(a) শিবালিক (b) সহ্যাদ্রী (c) হিমাদ্রী (d) হিমাচল

71. রোধের সমান্তরাল সমবায়ে যে রাশিটি ধ্রুবক হয়, তা হল:
(a) তড়িৎ প্রবাহমাত্রা (b) তড়িতের পরিমাণ (c) বিভব পার্থক্য (d) বিভব পার্থক্য এবং তড়িতের পরিমাণ দু'টি

72. সাধারণত, অধাতবগুলি বিদ্যুৎ পরিবাহী নয়, নীচের কোনটি বিদ্যুতের পরিবাহক?
(a) ডায়মন্ড (b) গ্রাফাইট (c) সালফার (d) ফুলিরিন

73. স্বাধীন ভারতে গ্রীষ্ম অলিম্পিকে কে প্রথম পদক বিজয়ী হন?
(a) খাসাবা দাদাসাহেব যাদব (b) কারনাম মালেশ্বরী (c) লিয়েন্ডার পেজ (d) অভিনব বিন্দ্রা

74. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বেদের কোন অংশ থেকে বিধবা-বিবাহ আন্দোলনের সমর্থনে যুক্তি লাভ করেছিলেন?
(a) ঐতেরেয় ব্রাহ্মণ (b) তৈত্তিরীয় সংহিতা (c) শতপথ ব্রাহ্মণ (d) পরাশর সংহিতা

75. দিল্লির কোন সুফি দরগার গায়করা বলিউডে সংগীত গেয়েছেন?
(a) হজরত নিজামুদ্দিন (b) বাগ-এ-বেদিল (c) চিরাগ-ই-দিল্লি (d) মাটকা পীর দরগা

76. দু'টি সংখ্যার ল.সা.গু 60 এবং তাদের অনুপাত 3 : 4, ওই সংখ্যা দু'টির যোগফল হল:
(a) 25 (b) 35 (c) 40 (d) 45

77. 5 সেন্টিমিটার ধারবিশিষ্ট একটি সুষম চতুস্তলকের সমগ্রতলের ক্ষেত্রফল কত?
(a) 30 বর্গসেমি (b) $20\sqrt{3}$ বর্গসেমি (c) $25\sqrt{3}$ বর্গসেমি (d) 28 বর্গসেমি

78. $\dfrac{1+\frac{2}{3}\div\frac{3}{4} \text{ এর } \frac{2}{3}}{2-\frac{3}{4} \text{ এর } \frac{2}{3}\div\frac{2}{3}}$ -এর সরলতম মান হল:
(a) $1\frac{13}{15}$ (b) $2\frac{13}{15}$ (c) $\frac{13}{15}$ (d) $\frac{13}{17}$

79. দু'টি সংখ্যা A এবং B এমন যে A-এর 5% এবং B-এর 4%-এর যোগফল, A-এর 6% এবং B-এর 8% -এর যোগফলের দুই-তৃতীয়াংশ। A : B অনুপাতটি নির্ণয় করুন:
(a) 2 : 3 (b) 1 : 1 (c) 3 : 4 (d) 4 : 3

80. একটি শহরের লোকসংখ্যা প্রতি বছর 5% হারে বৃদ্ধি পায়। যদি 2002 সালে ওই শহরে লোকসংখ্যা 1,10,250 হয় তবে 1999 সালে লোকসংখ্যা কত ছিল?
(a) 1,00,000 (b) 1,08,000 (c) 1,10,000 (d) 1,20,000

81. একটি লাইব্রেরিতে প্রতি রবিবার গড়ে 510 জন আগমন হয় এবং সপ্তাহের অন্যান্য দিনে গড়ে 240 জন আগমন হয়। রবিবার দিয়ে শুরু এমন একটি মাসে লাইব্রেরিতে যত জনের আগমন হয় তার গড় হল:
(a) 250 (b) 276 (c) 280 (d) 285

82. একটি পরীক্ষায় এক ছাত্রকে কোনও একটি সংখ্যার $\frac{5}{16}$ অংশ নির্ণয় করতে বলা হল। ভুলবশত ছাত্রটি সংখ্যাটির $\frac{5}{6}$ অংশ নির্ণয় করে। যদি তার উত্তর প্রকৃত উত্তরের চেয়ে 150 বেশি হয় তবে ওই সংখ্যাটি হল:
(a) 288 (b) 188 (c) 280 (d) 278

83. নতুন বাজেটে কেরোসিন তেলের দাম 25% বৃদ্ধি পায়। শতকরা কত ভাগ কেরোসিন তেলের ব্যবহার কমালে ওই বাবদ খরচের কোনও বৃদ্ধি হয় না?
(a) 25% (b) 20% (c) 30% (d) 35%

84. একজন ব্যাটসম্যান 98 রান করে যার মধ্যে 4টি বাউন্ডারি ও 6টি ছক্কা আছে। ওই ব্যাটসম্যান উইকেটের মধ্যে দৌড়ে রানের কত শতাংশ রান করেছে?
(a) 47% (b) 46% (c) $47\frac{46}{49}$ % (d) $46\frac{46}{49}$ %

85. 100 মিটার দীর্ঘ একটি ট্রেন তার বিপরীত অভিমুখে 5 কিমি/ঘণ্টা বেগে পদব্রজে গতিশীল এক ব্যক্তিকে অতিক্রম করতে 6 সেকেন্ড সময় নেয়। ট্রেনটির গতিবেগ হল:
(a) 40 কিমি/ঘণ্টা (b) 45 কিমি/ঘণ্টা (c) 50 কিমি/ঘণ্টা (d) 55 কিমি/ঘণ্টা

86. A এবং B -এর বার্ষিক আয়ের অনুপাত 5 : 4 এবং তাদের বার্ষিক ব্যয়ের অনুপাত 3 : 2 যদি বছরের শেষে তাদের প্রত্যেকে 1600 টাকা সঞ্চয় করে, তবে A-এর বার্ষিক আয় হল:
(a) 3400 টাকা (b) 3600 টাকা (c) 4000 টাকা (d) 4400 টাকা

87. কোন এক দ্রব্যের ক্রয়মূল্য চিহ্নিত মূল্যের 64 শতাংশ। ওই দ্রব্যটি 12% ছাড়ে বিক্রি করলে লাভের হার হবে:
(a) 37.5% (b) 48% (c) 50.5% (d) 52%

88. $\dfrac{(0.36)^3-(0.1)^3}{(0.362)^2+0.0362+(0.1)^2}$ এই রাশিটির মান হল:
(a) 0.352 (b) 0.262 (c) 0.261 (d) 0.252

89. A এবং B একসঙ্গে একটি কাজ 30 দিনে করতে পারে। A 16 দিন কাজ করার পর B বাকি কাজ একা 44 দিনে শেষ করে। পুরো কাজটি B একা কত দিনে করতে পারে?
(a) 30 দিনে (b) 40 দিনে (c) 60 দিনে (d) 70 দিনে

90. কোন পরিমান টাকা চক্রবৃদ্ধি সুদে রাখলে 5 বছরে দ্বিগুণ হয়, ওই একই পরিমাণ টাকা ওই একই চক্রবৃদ্ধি সুদের হারে 8 গুণ হবে?
(a) 7 বছরে (b) 10 বছরে (c) 15 বছরে (d) 20 বছরে

91. স্থির জলে কোনও নৌকার গতিবেগ ঘণ্টায় 10 কিলোমিটার। একই সময়ে যদি নৌকাটি স্রোতের অভিমুখে 26 কিলোমিটার যায় এবং স্রোতের বিপরীতে 14 কিলোমিটার যায়, তবে স্রোতের বেগ হবে:
(a) 2 কিমি/ঘণ্টা (b) 2.5 কিমি/ঘণ্টা (c) 3 কিমি/ঘণ্টা (d) 4 কিমি/ঘণ্টা

92. তিনটি গাড়ির বেগের অনুপাত 5 : 4 : 6 একই দূরত্ব অতিক্রম করতে গাড়ি তিনটির যে যে সময় লাগে তার অনুপাত হল:
(a) 5 : 4 : 8 (b) 6 : 4 : 5 (c) 10 : 12 : 15 (d) 12 : 15 : 10

93. . যদি বার্ষিক $16\frac{2}{3}$ % হারে 3 বছরের কোনও টাকার চক্রবৃদ্ধি সুদ 1270 টাকা হয়, তবে ওই পরিমাণ টাকার ওই একই সময়ে এবং ওই একই হারে সরল সুদ হবে:
(a) 1080 টাকা (b) 2100 টাকা (c) 2160 টাকা (d) কোনওটিই নয়

94. $\dfrac{180\times15-12\times20}{140\times8+2\times55}=$ ?
(a) 4 (b) 2 (c) $\frac{4}{5}$ (d) $\frac{1}{7}$

95. দু'টি সংখ্যা তৃতীয় একটি সংখ্যার চেয়ে যথাক্রমে 40% এবং 55% কম। দ্বিতীয় সংখ্যাটি প্রথম সংখ্যাটির চেয়ে কত শতাংশ কম?
(a) 30% (b) 20% (c) 15% (d) 25%

96. এক ব্যক্তি তার মূলধনের $\frac{1}{3}$ অংশ, $\frac{1}{4}$ অংশ এবং অবশিষ্টাংশ যথাক্রমে 7%, 8% এবং 10% বার্ষিক সরল সুদে বিনিয়োগ করে। যদি তার বার্ষিক আয় 561 টাকা হয়, তবে তার বিনিয়োগ করা মূলধন হল:
(a) 5400 টাকা (b) 6000 টাকা (c) 6600 টাকা (d) 7200 টাকা

97. কোনও দ্রব্য 1060 টাকায় বিক্রি করলে যে লাভ হয় তা ওই দ্রব্যটি 950 টাকায় বিক্রি করলে যে ক্ষতি হয় তার থেকে 20% বেশি। ওই দ্রব্যটি কত টাকায় বিক্রি করলে 20% লাভ হবে?
(a) 980 টাকা (b) 1080 টাকা (c) 1800 টাকা (d) 1200 টাকা

98. ছয় বছর আগে অজয়ের বিয়ে হয়। তার বর্তমান বয়স বিয়ের সময়ের বয়সের $\frac{5}{4}$ গুণ। অজয়ের বোন অজয়ের চেয়ে 5 বছরের ছোট ছিল বিয়ের সময়। অজয়ের বোনের বর্তমান বয়স হল:
(a) 25 বছর (b) 26 বছর (c) 30 বছর (d) 35 বছর

99. দু'টি স্টেশন A ও B-এর মধ্যে দূরত্ব 330 কিলোমিটার। একটি ট্রেন 60 কিলোমিটার/ঘণ্টা বেগে A স্টেশন থেকে B স্টেশনের দিকে সকাল 8টায় যাত্রা শুরু করে। অপর একটি ট্রেন 75 কিলোমিটার/ঘণ্টা বেগে B স্টেশন থেকে A

*এরপর এগারোর পাতায়*

## ভারতীয় রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-২ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

13(c): Farad per meter is the unit of permittivity
Electric conductance-Siemens (S)
Permeability-Henry/mete

14.(a): Candela is base unit,a standardized, defined unit for a basic physical quantity that cannot be expressed in terms of others.

15(a): Frequency does not have SI base unit. The SI unit of frequency is hertz which is the reciprocal of time period.

16(c): One inch from British to SI unit is equal to 2.54 cm.

17(b): SI unit of electrical resistivity is ohm meter.

18(b): Voltmeter is used to measure electric potential difference between two points in an electric circuit.

19(d): A barometer is used to measure atmospheric pressure.

20(d): The order of magnitude of $1.6 \times 10^6$ is $10^6$.

21(c): Dry sand, $CO_2$ type extinguisher and CTC extinguisher are used for electric fire.

22(a): Loose connection.

23(c): Green colour.

24(b): Foam type extinguisher must not be used for electrical fires.

25(b): International Organization for Standardization.

26(d): C type.

27(b): On the feet of the body.

28(b): Antihistamines are used to ease symptoms of hay fever, conjunctivitis, allergies and insect bites/stings.

29(d): Amoxicillin ,it is used in the treatment of bacterial infections.

30(a): Paracetamol medicines should be taken to ease mild pain and reduce high fever.

31(d): In parallel combination, equivalent voltage remains equal to the voltage of one cell. i.e output voltage = 2V.

32(c): 1kWh =1000W × 3600s = $3.6 \times 10^6$ J

33(c): Both the direction of current and magnetic field determine the direction of force. by using Fleming's Left Hand Rule:

34(d): ohm-m.

35(d): Tungsten has a very high melting point and can glow for long periods without melting.

36(b): One unit electricity is the amount of electrical energy consumed by load as 1 kW in one hour. Unit of electrical energy consumption in joule.

37(a): Given: Current (I) = 2A
Electric potential/voltage (V) = 24V
Time (t) = 5 min = 5 × 60 sec = 300 sec
Amount of heat produced (H) = VIt = 24 × 2 × 300 = 14400 joule (J).

38(b): Argon and nitrogen.

39(b): Hans Christian Oersted was the first to demonstrate experimentally that a current carrying conductor behaves like a magnet.

40(a): V= 200V
i = 0.5A
power of bulb P = V.i = 200 × 0.5 = 100W.

41(b): Control Unit (CU)

42(d): Byte.

43(a): MIPS.

44(a): C.P.U

45(a): CPU.

46(c): Windows-XP

47(c): Software

48(b): Computer programs

49(d): Microsoft Office

50(a): Software

51(a): Bio degradable

52.(d) Fossil fuel is a non-renewable source of energy. Coal, oil and natural gas are examples offossil fuels.

53(b): Eskimos are tribes living in the polar regions who build their houses from snow, their houses are called igloo's. Eskimos build houses out of snow because the air present between the walls of snow prevents the heat inside from going out, due to which the house feels warm inside.

54(c): acclimation.

55(d): Pyramid of Biomass in an ocean ecosystemReasoning: In a marine ecosystem, the biomass of phytoplankton (producers) is smaller than that of zooplankton and small fish (primary and secondary consumers) at any given time, creating an inverted biomass pyramid.

56(d): Montreal Protocol (Kigali Amendment)Reasoning:

*এরপর এগারোর পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# পি এস সি মিসলেনিয়াস

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

স্টেশনের দিকে সকাল 9 টায় যাত্রা শুরু করে। ট্রেন দু'টি কখন মিলিত হবে?
(a) সকাল 10 টায় (b) সকাল 10টা 30 মিনিটে (c) সকাল 11টায় (d) সকাল 11টা 30 মিনিটে

100. একটি মেশিনের মূল্য প্রতি বছর 10% হারে হ্রাস পায়। যদি মেশিনটির বর্তমান মূল্য 162000 টাকা হয়, তবে 2 বছর আগে মেশিনটির মূল্য কত ছিল?
(a) 160000 টাকা (b) 205000 টাকা (c) 200000 টাকা (d) কোনওটিই নয়

### উত্তর

1(a), 2(c), 3(d), 4(a), 5(c), 6(c), 7(d), 8(d), 9(d), 10(b),11(c), 12(c), 13(d), 14(d), 15(b), 16(b), 17(c), 18(a), 19(b), 20(c), 21(d), 22(b), 23(a), 24(a), 25(c), 26(d), 27(d), 28(a), 29(a), 30(c), 31(c), 32(b), 33(d), 34(c), 35(a), 36(d), 37(a), 38(c), 39(d), 40(c), 41(b), 42(d), 43(b), 44(a), 45(d), 46(d), 47(d), 48(c), 49(b), 50(b), 51(a), 52(c), 53(a), 54(b), 55(b), 56(a), 57(b), 58(c), 59(a), 60(b), 61(b), 62(a), 63(c), 64(a), 65(d), 66(b), 67(d), 68(b), 69(b), 70(b), 71(c), 72(b), 73(a), 74(c), 75(a), 76(b), 77(c), 78(a), 79(d), 80(a), 81(d), 82(a), 83(b), 84(d), 85(d), 86(c), 87(a), 88(b), 89(c), 90(c), 91(c), 92(d), 93(a), 94(b), 95(d), 96(c), 97(d), 98(a), 99(c), 100(c).

### সমাধান

76(b): সংখ্যা দু'টি 3x ও 4x
ল.সা.গু $= 12x = 60 \therefore x = 5$
সংখ্যাদু'টি 15 ও 30
যোগফল $= 15 + 20 = 35$.

77(c): সুষম চতুস্তলকটির সমগ্রতলের ক্ষেত্রফল $= \sqrt{3}a^2$ বর্গএকক $= \sqrt{3} \times (5)^2 = 25\sqrt{3}$ বর্গসেমি।

78(a): $\dfrac{1 + \frac{2}{3} \div \frac{3}{4} \text{ এর } \frac{2}{3}}{2 - \frac{3}{4} \text{ এর } \frac{2}{3} \div \frac{2}{3}} = \dfrac{1 + \frac{2}{3} \div \frac{1}{2}}{2 - \frac{1}{2} + \frac{2}{3}}$

$= \dfrac{1 + \frac{2}{3} \times \frac{2}{1}}{2 - \frac{1}{2} \times \frac{3}{2}} = \dfrac{\frac{7}{3}}{\frac{5}{4}} = \frac{7}{3} \times \frac{4}{5} = \frac{28}{15} = 1\frac{13}{15}$.

79(d): $\frac{5A}{100} + \frac{4B}{100} = \frac{2}{3}\left(\frac{6A}{100} + \frac{8B}{100}\right)$
$5A + 4B = \frac{2}{3}(6A + 8B) = \frac{4A + 16B}{31}$
$15A + 12B = 12A + 16B, 3A = 4B, \frac{A}{B} = \frac{4}{3} = 4:3$

80(a): 1999 সালের জনসংখ্যা = P
$P \times (1.05)^2 = 110250$
$P = \frac{110250}{1.1025} = 100000.$

81(d): 30 দিনের মাস রবিবার দিয়ে শুরু হলে রবিবার 5টি (1, 8, 15, 22, 29) এবং বাকি 25 দিন
মোট $= 5 \times 510 + 25 \times 240 = 2550 + 6000 = 8550$
গড় $= \frac{8550}{30} = 285.$

82(a): $\frac{5}{6}n - \frac{5}{16}n = 150$
$n\left(\frac{5}{6} - \frac{5}{16}\right) = 150, n \times \frac{(40-15)}{48} = 150, n \times \frac{25}{48} = 150$
$n = \frac{150 \times 48}{25} = 288.$

83(b): মূল্য 25% বাড়লে, ব্যয় স্থির রাখতে ব্যবহার $\frac{1}{1.25}$ অংশে আনতে হবে
অর্থাৎ ব্যবহার কমাতে হবে $= \frac{25}{125} \times 100 = 20\%$.

84(d): বাউন্ডারি থেকে $= 4 \times 4 = 16$ রান
ছক্কা থেকে $= 6 \times 6 = 36$ রান
মোট সীমানা থেকে = 52 রান
দৌড়ে $= 98 - 52 = 46$ রান
শতাংশ $= \frac{46}{98} \times 100 = \frac{2300}{49} = 46\frac{46}{49}\%$.

85(d): ব্যক্তি ও ট্রেনের আপেক্ষিক গতি $= V + 5$ কিমি/ঘণ্টা
দূরত্ব = 100 মিটার $= \frac{1}{10}$ মিটার
সময় = 6 সেকেন্ড $= \frac{3}{3600}$ ঘণ্টা $= \frac{1}{600}$
$V + 5 = \frac{1/10}{1/600} = 60$ কিমি/ঘণ্টা
$V = 55$ কিমি/ঘণ্টা।

86(c): A-এর আয় = 5x
B-এর আয় = 4x, A-এর ব্যয় =3y, B-এর ব্যয় = 2y
$5x - 3y = 1600, 4x - 2y = 1600$
সমাধান করে: x = 800
∴ A-র আয় $5 \times 800 = 4000$ টাকা।

87(a): ধরা যাক চিহ্নিত মূল্য = 100, ক্রয়মূল্য = 64
12% ছাড়ে বিক্রয়মূল্য = 88, লাভ $= 88 - 64 = 24$
লাভের শতাংশ $\frac{24}{64} \times 100 = 37.5\%$.

88(b): $\frac{a^3 - b^3}{(a^2 + ab + b^2)} = (a - b)$ সূত্র ব্যবহার করে: a = 0.362. b = 0.1
$\therefore a - b = (0.362 - 0.1) = 0.262.$

89(c): $16x + 44y = 1$ (যেখানে $\left(\frac{x+y}{1/30}\right)$
$16(x + y) + 28y = 1, 16\left(\frac{1}{30}\right) + 28 = 1$
$\therefore \frac{8}{15} + 28y = 1, 28y = 1 - \frac{8}{15} = \frac{7}{15}$
$\therefore y = \frac{7}{15 \times 28} = \frac{1}{60}$ ∴ B একা করবে 60 দিনে।

90(c): টাকা 5 বছরে দ্বিগুণ হয়
8 গুণ $= 2^3$ গুণ, তাই $3 \times 5 = 15$ বছরে 8 গুণ হবে।

91(c): নৌকার গতি = 10 কিমি/ঘণ্টা
স্রোতের বেগ = s
স্রোতের অনুকূলে $(10 + s) \times t = 26$
বিপরীতে $(10 - s) \times t = 14$
ভাগ করে: $\frac{(10+s)}{(10-s)} = \frac{26}{14} = \frac{13}{7}$
$\therefore 70 + 7s = 130 - 13s$
$\therefore 20s = 60, \therefore s = 3$ কিমি/ঘণ্টা।

92(d): গতির অনুপাত = 5 : 4 : 6
একই দূরত্বে সময় $\propto 1/$গতি
সময়ের অনুপাত $= \frac{1}{5} : \frac{1}{4} : \frac{1}{6} = 12 : 15\ 10,$

93(a): হার $= \frac{50}{3}\% = \frac{50}{3} \times \frac{1}{100} = \frac{1}{61}$
CI 3 বছরে $P\left[(7/6)^3 - 1\right] = 1270$
$P\left[\frac{343}{216} - 1\right] = 1270, P\left[\frac{127}{216}\right] = 1270$
$P = 1270 \times \frac{216}{127} = 2160$
$SI = 2160 \times \frac{50}{3} \times \frac{3}{100} = 2160 \times \frac{1}{2} = 1080$ টাকা।

94(b): $\frac{180 \times 15 - 12 \times 20}{140 \times 8 + 2 \times 55} = \frac{2700 - 240}{1120 + 110} = \frac{2460}{1230} = 2.$

95(d): প্রথম সংখ্যা $100 - 40 = 60$
দ্বিতীয় সংখ্যা $100 - 55 = 45$
পার্থক্য $60 - 45 = 15$
শতাংশ কম $\frac{15}{60} \times 100 = \frac{1}{4} \times 100 = 25\%$.

96(c): মূলধন = P
$\frac{P}{3} \times \frac{7}{100} + \frac{P}{4} \times \frac{8}{100} + \left(P - \frac{P}{3} - \frac{P}{4}\right) = \frac{10}{100} = 561$
$\frac{7P}{300} + \frac{8P}{400} + \left(\frac{5P}{12}\right) \times \frac{1}{10} = 561$
$\frac{7P}{300} + \frac{P}{50} + \frac{P}{24} = 561$
ল.সা.গু = 600
$\frac{14P}{600} + \frac{12P}{600} + \frac{25P}{600} = 561, \frac{51P}{600} = 561, P = 561 \times \frac{600}{51} = 6600.$

97(d): 1060 তে লাভ = L, 950 তে ক্ষতি = K
$L = K + \left(\frac{20}{100}\right)K = 1.2K$
$CP = 950 + K = 1060 - L = 1060 - 1.2k$
$950 + K = 1060 - 1.2K$
$2.2K = 111, K = 50$
CP = 1000
20% লাভে বিক্রয়মূল্য $= 1000 \times 1.2 = 1200.$

98(a): বিয়ের সময় অজয়ের বয়স = x
বর্তমান বয়স $= x + 6 = \left(\frac{5}{4}\right)x$
$\frac{5x}{4} - x = 6, \frac{x}{4} = 6, x = 24$
বোনের বিয়ের সময় বয়স $= 24 - 5 = 19$
বর্তমান বয়স $= 19 + 6 = 25.$

99(c): ট্রেন-1 সকাল 8 টায় ছাড়ে, ট্রেন-2 সকাল 9টায় ছাড়ে
9টায় ট্রেন-1 60 কিলোমিটার এগিয়ে গেছে
বাকি দূরত্ব = 270 কিলোমিটার
মিলিত গতি $= 60 + 75 = 135$ কিমি/ঘণ্টা
সময় $= \frac{270}{135} = 2$ ঘণ্টা পরে মানে সকাল 11টায়।

100(c): বর্তমান মূল্য $= P \times (0.9)2 = 162000$
$P = \frac{162000}{0.81} = 200000.$

প্রস্তুত করেছেন: কমল বৈদ্য

# ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

## নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

While the Montreal Protocol protects the ozone layer, the 2016 Kigali Amendment specifically targets the phased reduction of HFCs to combat global warming.

57(b): Highly acidic/alkaline effluentsReasoning: Highly concentrated acidic or alkaline waste is classified as hazardous and requires specialized chemical treatment before disposal to prevent soil and water contamination.

58(c): Bharat Stage VI (BS-VI)Reasoning: India skipped BS-V and directly implemented nationwide BS-VI emission norms to drastically reduce pollutants like \(NO_{x}\) and particulate matter from vehicles.

59(b): Land subsidenceReasoning: When groundwater is pumped out faster than it is replenished, the rock and sediment compact, which can lead to the sinking or settling of the earth's surface (subsidence).

60.(c): Sulfur dioxide ($SO_2$).

61(a): Let the grandson's age be x years.
Then Son's age = 5x years (son is five times as old as the grandson) Grandfather's age $= 2 \times 5x = 10x$ years (grandfather is twice as old as his son)
Given: $x + 5x + 10x = 128, 16x = 128, x = \frac{128}{16}, x = 8.$

62(a): Average velocity is defined as
Average Velocity = Displacement/TimeNeha swims: 50 m to the other end of the pool 50 m back to the starting point
So, total distance = 100 m, but her displacement = 0 m because she ends where she started.Time = 1 minute = 60 seconds
Therefore, Average Velocity $= \frac{0}{60} = 0$ m/s
0 m/s(Although her average speed is $\frac{100}{60} = 1.67$ m/s her average velocity is zero because the net displacement is zero.)

63(d): Distance travelled is 600 km and displacement is 0 km
A car travels from New Delhi to Agra, covering a distance of 300 km.It then travels back from Agra to New Delhi, covering another 300 km. Total Distance Travelled = 300 km + 300 km = 600 km
Displacement Displacement is the shortest distance between the initial and final positions. Since the car returns to its starting point (New Delhi), the initial and final positions are the same. Therefore, Displacement = 0 km Correct .

64(c): Given, 46.4 : x : : x : 2.9 Using the property of proportion:
$x^2 = 46.4 \times 2.9, x^2 = 134.56, x = \sqrt{134.56}, x = 11.6.$

65(c): When a vehicle travels the same distance at two different speeds, the average speed is:
Average Speed $= \frac{2ab}{a+b}$ a = 40 km/hr b =10 km/hr
Average Speed =16.

66(a): Let D's investment = 1 unit
Then, A's investment $= \frac{2}{3}$ of D $= \frac{2}{3}$
C's investment $= \frac{1}{2}$ of D $= \frac{1}{2}$
B's investment = C's investment $= \frac{1}{2}$
Investment ratio: A : B : C : D $= \frac{2}{3} : \frac{1}{2} : \frac{1}{2} : 1$
A : B : C : D = 4 : 3 : 3 : 6
Total ratio = 4 + 3 + 3 + 6 = 16, A + B share ratio 4 + 3 = 7
Total profit = 137.6 lakh, Share A and B $= 137.6 \times \frac{7}{6} = 60.2$

67(d): Given expression: $28 \times 2 - 4 \div 24 + 41$
Interchange the operators:+ and - are interchanged. × and ÷ are interchanged. So the expression becomes: $28 \div 2 + 4 \times 24 - 41$
Applying BODMAS: $28 \div 2 = 14\ 4 \times 24 = 96$
Now, $14 + 96 - 41.\ 110 - 41 = 69.$

68(a): Let 1 unit of each alloy be mixed
Alloy-1
Ratio of A : B = 3 : 2, Total parts = 5, $A = \frac{3}{5}, B = \frac{2}{5}$
Alloy-2
Ratio of A : B = 5 : 3, Total parts = 8
$A = \frac{5}{8}, B = \frac{3}{8}$ in final mixture
Metal A: $\frac{3}{5} + \frac{5}{8} = \frac{(24+25)}{40} = \frac{49}{40}$
Metal B: $\frac{2}{5} + \frac{3}{8} = \frac{(16+15)}{40} = \frac{31}{40}$, Therefore A : B = 49 : 31.

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: গোবিন্দ সাহা*

# রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ২২ হাজার ক্লার্ক নিয়োগের প্রক্রিয়া শুরু হতে চলেছে

**নিজস্ব প্রতিনিধি:** দেশের ১২টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে অন্তত ২২ হাজার ক্লার্ক নিয়োগের প্রক্রিয়া শুরু হতে চলেছে। এর মধ্যে স্টেট ব্যাঙ্ক কর্তৃপক্ষ নিজেরাই প্রার্থী বাছাই করেন। বাকি ১১টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের ক্লার্ক (কাস্টমার সার্ভিস অ্যাসিস্ট্যান্ট/অ্যাসোসিয়েট) পদের প্রার্থী বাছাই করে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং

### ক্লার্ক পদের প্রার্থীদের আঞ্চলিক ভাষা নিয়ে সতর্কতা জরুরি

পার্সোনেল সিলেকশন (আইবিপিএস)। যে-কোনও শাখার স্নাতক প্রার্থীরাই রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির ক্লার্ক পদে আবেদন করতে পারেন। কাজ চালানোর মতো কম্পিউটারের জ্ঞান থাকা জরুরি।

ইতিমধ্যে আইবিপিএস ক্লার্ক পদের পরীক্ষার সম্ভাব্য তারিখ ঘোষণা করে দিয়েছে। ঘোষিত সূচি অনুসারে, ক্লার্ক পদের প্রিলিমিনারি পরীক্ষা ১০ ও ১১ অক্টোবর। অগস্টে আইবিপিএসের তরফে নিয়োগের পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি প্রকাশের সম্ভাবনা রয়েছে। অগস্ট-সেপ্টেম্বর নাগাদ স্টেট ব্যাঙ্কও ক্লারিক্যাল ক্যাডারে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করতে পারে।

ইতিমধ্যে, ব্যাঙ্ককর্মীদের সর্বভারতীয় সংগঠন, অল ইন্ডিয়া ব্যাঙ্ক এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন (এআইবিইএ) রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে নিয়োগ-সংক্রান্ত গুরুত্বপূর্ণ এক পর্যবেক্ষণ সামনে এনেছে। ২৬ জুন প্রকাশিত এআইবিইএ-র একটি সার্কুলারে বলা হয়েছে, ব্যাঙ্কে শূন্যপদের সংখ্যা বাড়ছে, কিন্তু বাছাই প্রক্রিয়ায় সফল হয়েও চাকরিতে যোগ না দেওয়ার একটা প্রবণতা দেখা যাচ্ছে মূলত নিয়োগ প্রক্রিয়ায় দীর্ঘসূত্রতার কারণে। সেই সঙ্গে আঞ্চলিক ভাষার পরীক্ষাতেও বহু প্রার্থী ব্যর্থ হচ্ছেন বলে উল্লেখ করা হয়েছে ওই সার্কুলারে।

ক্লার্ক ও সমতুল পদের ক্ষেত্রে প্রার্থী যে-রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলের শূন্যপদে আবেদন করেন, তাঁকে সেই অঞ্চলের সরকারি ভাষা লিখতে, পড়তে ও বলতে জানতে হয়। পশ্চিমবঙ্গের শূন্যপদে আবেদন করলে বাংলা ভাষা ভালো করে জানাটা আবশ্যিক। কিন্তু অনেক সময়, বেশি শূন্যপদ রয়েছে দেখে প্রার্থী আবেদনের জন্য এমন রাজ্য নির্বাচন করেন, যেখানকার স্থানীয় ভাষা তাঁর ভালো করে জানা নেই। এআইবিইএ প্রস্তাব দিয়েছে, এই সমস্যার মোকাবিলায় ক্লার্ক পদে আবেদনের সময়ই মাধ্যমিক স্তরে সংশ্লিষ্ট ভাষাটি পড়ার প্রমাণপত্র হিসেবে মার্কশিটের প্রতিলিপি জমা নেওয়া যেতে পারে। তাতে স্পষ্টতই স্থানীয় ভাষাজ্ঞান যাচাই সংক্রান্ত কাজ কমবে এবং নিয়োগের প্রক্রিয়াও দ্রুততর হবে।

উল্লেখ্য, ২০২৩-২৪ সালে ১১টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ক্লারিক্যাল পদে শূন্যপদের সংখ্যা ছিল ৬,০৩৫টি। ২০২৬-২৭ সালে শূন্যপদের সংখ্যা বেড়ে হয়েছে ১৫,৭৩৬টি। এর সঙ্গে যুক্ত হবে স্টেট ব্যাঙ্কের ক্ল্যারিক্যাল ক্যাডারের শূন্যপদ। কর্মী সংগঠনটি জানিয়েছে, স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ক্লার্কের ৬,৫৮৯টি শূন্যপদ রয়েছে।

## নিখরচায় নার্সিং পড়িয়ে সেনাবাহিনীতে চাকরি

*প্রথম পাতার পর*

জেনারেল ইন্টেলিজেন্স ও জেনারেল ইংলিশ বিষয়ে ৮০ নম্বরের প্রশ্ন হবে। সময় ৩০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। উত্তীর্ণ প্রার্থীদের সাইকোলজিক্যাল অ্যাসেসমেন্ট, ইন্টারভিউ ও মেডিক্যাল এক্সামিনেশনের জন্য ডাকা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। তফসিলিদের ফি দিতে হবে না। ফি জমা দেওয়ার পর পেমেন্ট কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত সাবমিট করার পর রেফারেন্স নম্বর পাওয়া যাবে। পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: (০১১) ২১৪১-১৭৯৩।

## স্কলারশিপের খোঁজখবর

### মোহন টি আডবানি সেন্টেনিয়াল স্কলারশিপ প্রোগ্রাম

নির্বাচিত কিছু সরকারি ও বেসরকারি আর্কিটেকচার ও ইঞ্জিনিয়ারিংয়ের (মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ও প্রোডাকশন) স্নাতক বা ডিপ্লোমা কোর্সের প্রথম ও দ্বিতীয় বর্ষে পাঠরত মেধাবী ও আর্থিক ভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ব্লু স্টার ফাউন্ডেশন। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** প্রথম বর্ষের প্রার্থীদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৮০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। দ্বিতীয় বর্ষের প্রার্থীদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৮০ শতাংশ ও প্রথম বর্ষে মোট অন্তত ৭৫ শতাংস নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** স্নাতক কোর্সের ক্ষেত্রে সর্বাধিক ১ লাখ টাকা বা কোর্স ফিয়ের ৭৫ শতাংশ ও ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে ৪০,০০০ টাকা বা কোর্স ফিয়ের ৭৫ শতাংশ।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/BSFS6 আবেদন করা যাবে ৩১ জুলাই পর্যন্ত।

### আই ডি এফ সি ফার্স্ট ব্যাঙ্ক এম বি এ স্কলারশিপ ২০২৬-২৮

নির্বাচিত কিছু প্রতিষ্ঠানে এম বি এ কোর্সের প্রথম বর্ষে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে আই ডি এফ সি ব্যাঙ্ক। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ১ লাখ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/IFBMS7 আবেদন করা যাবে ৮ অগস্ট পর্যন্ত।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

## উচ্চ প্রাথমিকে ১১৭৭ শিক্ষক

*প্রথম পাতার পর*

প্রসঙ্গত, ১৭ শতাংশ ওবিসি সংরক্ষণের নীতি অনুসারেই ২০১৬-র প্রথম এসএলএসটি (অ্যাসিস্ট্যান্ট টিচার, আপার প্রাইমারি) পরীক্ষায় বসেছিলেন প্রার্থীরা। রাজ্য সরকার সম্প্রতি চাকরির ক্ষেত্রে ওবিসি সংরক্ষণের হার ১৭ শতাংশ থেকে কমিয়ে ৭ শতাংশ করেছে। এই পরিস্থিতিতে, নবম থেকে দ্বাদশ শ্রেণিতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে পুরনো ওবিসি সংরক্ষণের নীতিই অনুসরণ করা হয় কিনা সেটাই দেখার।

স্কুল সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি ও কাউন্সেলিংয়ের বিশদ সূচি দেখা যাবে এই ওয়েবসাইটে: https://old.westbengalssc.com/sscorg/wbssc/home/


TECHNO INDIA GROUP
TECHNO MAIN SALTLAKE
TECHNO INDIA UNIVERSITY
SECTOR V, SALT LAKE, KOLKATA, INDIA

ADMISSION NOTICE 2026

Admission Helplines : 9836544417 / 9836544418 / 9836544419

A. Courses In Collaboration with IBM
1. BCA(H) in Data Sciences & AI | 2. BBA(H) in Business Analytics & AI
3. B.Sc(H) in Data Analytics & AI | 4. B.Sc(H) in Cyber Security & Gen AI | 5. MCA |
6. MBA | 7. M.Tech in CSE | 8. Ph.D (For Students & Working Professionals)

B. Courses In Collaboration with Google Cloud
B.Tech - CSE | CSE AI-ML | CSE Data Science |
CSE Cloud Computing

Central Admission Helpline : 08062642222

Engineering & Technology courses of Techno Main Salt Lake & Techno India University : 9836544419/18/17
1. B.Tech - CSE, CSE CSBS (In Collaboration with TCS), CSE-Cyber Security, CSE-AIML, CSE (Data Science), IT, EE, ME, IoT, CST, Biotechnology, Civil Engineering, ECE, EIE, Food Technology | 2. B.Tech (Lateral) (Streams same as B.Tech) | 3. Diploma Engineering (After class X) (CST, EE, ME, ECE, Civil, Artificial Intelligence, Machine Learning) 4. B.Des (B.Tech Equivalent Design) | 5. B.Arch | 6. B.Pharma | 7. D.Pharma

Other job oriented courses under Techno India University, Techno Main Salt Lake and other colleges under MAKAUT

SCIENCE
1. B.Sc(H) 2. M.Sc 3. Ph.D
• Bio-Technology • Mathematics • Psychology • Economics • Physics • Forensic Science • Data Science • Oceanography • Earth Science • B.Sc in Smart Agriculture • B.Sc in Geoinformatics • B.Sc in Geospatial Science • M.Sc in Geospatial Science • M.Sc in Geoinformatics • Ph.D in Geoinformatics
Helpline: 9836544413 / 9836544414

BUSINESS SCHOOL
1. BBA (H) 2. MBA 3. MBA for Working Professionals 4. Ph.D
HR • Finance • Digital Marketing • Entrepreneurship & Innovation • Business Analytics & AI • Family Business • ASMI Business School - Global MBA with International Study Tour (included) - 8100203639
Helpline: 9831817308 / 9836544417

MEDIA & FILM MAKING
1. B.Sc 2. M.Sc 3. P.hD
Media Science, Game Development, Sound Engineering, Film Making, Visual Effects & Animation,Multimedia
Helpline: 8147117805 9831817308

DESIGN
1. B.Des/M.Des • Game Art & Design • Fashion Design • Interior Design • Visual Comm. & Digital Design • Advertising & Digital Communication 2. Ph.D
Helpline: 7596040603

PHARMACY
1. D.Pharm 2. B.Pharm 4. Ph.D
Helpline: 9836544411 9836544412

ALLIED HEALTH SCIENCES
1. BPT 2. BMLS 3. BAOTT 4. B.MRIT 5. BCVT 6. MMLS 7. Ph.D
Helpline: 8697718304 / 08062642222 9836544412

LAW
1. BBA(H)+LLB 2. BA(H)+LLB 3. B.Com+LLB 4. LLB (After Graduation) 5. LLM 6. Ph.D
Helpline: 9836544413 / 9836544412

NURSING
1. GNM (3years) 2. B.Sc Nursing (4years) 3. Post Basic Nursing (2years)
Approved By WBNC & INC
Helpline: 9836544410

ARCHITECTURE
1. B.Arch 2. M.Arch 3. Ph.D
Helpline: 9836544411

COMPUTER APPLICATION
1. BCA (H) 2. BCA(H) - AI-ML, Data Science, Cyber Security 3. MCA 4. Ph.D
Helpline: 9831817308

HUMANITIES
1. B.A(H) 2. M.A 3. Ph.D
English • Psychology • Economics • Business English
Helpline: 9836544413/9836544412

COUNSELLING VENUE FOR ALL OUR COLLEGES & UNIVERSITIES
Address: 1) Techno India (Main Campus), Ground and 2nd Floor, EM 4, Sector V, Salt Lake, Kol-700091, 2) Techno India (City Office) - Offbeat CCU on EM Bypass, near Science City, Kol-39, 3) Techno Bengal Institute of Technology (BIT) near Science City, Kolkata. Helpline: 8442889695 4) Techno India Banipur, Habra. Helpline: 9830068633.

Visit: www.technoindiagroup.com,www.technoindiauniversity.ai, www.technoindiauniversity.ac.in
N.B.- 10% MQ seats are available as per Govt. norms.


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in